| ১৭২. | মহিলা আনসার, সৈয়দা ফারহানা জামান, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঢাকা; সংযুক্ত: কেন্দ্রীয় সাংস্কৃতিক দল, গণসংযোগ শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | মহিলা |
| ১৭৩. | বিএভি-৩১০০০২২১৯, মহিলা আনসার, শেফালী আক্তার, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা; সংযুক্ত: কেন্দ্রীয় সাংস্কৃতিক দল, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | মহিলা |

| ক্রঃ নং | ব্যক্তিগত নম্বর, পদবি, নাম ও কর্মস্থল | পদক | মন্তব্য |
|---|---|---|---|
| ১৭৪. | বিএভি-৩১০০০১৯৩৮, মহিলা আনসার, মোসাঃ মাসুদা বেগম, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, বরিশাল। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | মহিলা |
| ১৭৫. | মহিলা আনসার, হাসিনা আক্তার মিতা, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ফরিদপুর; সংযুক্ত: জেলা কমান্ড্যান্টের কার্যালয়, মানিকগঞ্জ। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | মহিলা |
| ১৭৬. | ইউনিয়ন দলনেত্রী, মোছাঃ নাছিমা খাতুন, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সাতক্ষীরা। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | মহিলা |
| ১৭৭. | ইউনিয়ন দলনেত্রী, মোসাঃ রাবেয়া বেগম, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, মুলাদী, বরিশাল। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | মহিলা |
| ১৭৮. | ওয়ার্ড দলনেত্রী, উম্মে কুলসুম সেতু, থানা আনসার ও ভিডিপি কার্যালয়, মতিঝিল, ঢাকা। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | মহিলা |
| ১৭৯. | ভাতাপ্রাপ্ত খেলোয়াড়, মোসাঃ রাবেয়া আক্তার, প্রশিক্ষণ ক্রীড়া শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও,ঢাকা। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | মহিলা |
| ১৮০. | ভাতাপ্রাপ্ত খেলোয়াড়, রাবেয়া সুলতানা মিম, প্রশিক্ষণ ক্রীড়া শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও,ঢাকা। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | মহিলা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

জোসেফা ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১১** মাঘ ১৪৩০/২৫ জানুয়ারি ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮০.২৩-৪৭**—যেহেতু, জনাব মোঃ এনামুল হক প্রধান (বিপি-৭২৯১০৯৮৭৮৩), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বর্তমানে সিআইডি, বগুড়া জেলায় কর্মরত ইতঃপূর্বে অফিসার ইনচার্জ, পঞ্চগড় তেঁতুলিয়া হাইওয়ে থানা, হাইওয়ে পুলিশ বগুড়া রিজিয়ন-এ কর্মকালে ১৩-১২-২০১৮ তারিখে রণচন্ডি বাজারে দুর্ঘটনা ঘটে। উক্ত দুর্ঘটনায় নিহত ব্যক্তি (জনৈক রিয়াজুল ইসলাম) এবং ট্রাকের বিষয়ে অভিযুক্ত পুলিশ পরিদর্শকের যথাযথ নির্দেশনা না থাকায় আইনী ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি মর্মে তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রতীয়মান হয়। উপরন্তু দুর্ঘটনায় একজন ব্যক্তি আহত হলে অভিযুক্ত পুলিশ পরিদর্শক জনাব মোঃ এনামুল হক প্রধান এর নির্দেশে সার্জেন্ট ইমরান ঘটনাস্থলে যান। পরবর্তীতে আহত ব্যক্তির মৃত্যু হলে তারই নির্দেশে একজন এসআই লাশের সুরতহাল রিপোর্ট প্রস্তুত করেন। কিন্তু পরবর্তীতে এ সংক্রান্তে তেঁতুলিয়া হাইওয়ে এবং তেঁতুলিয়া মডেল থানায় কোনোরূপ জিডি এন্ট্রি বা সংশ্লিষ্ট কাগজ-পত্র পাওয়া যায়নি। অফিসার ইনচার্জ হিসেবে অভিযুক্ত পুলিশ পরিদর্শক জনাব মোঃ এনামুল হক প্রধানের প্রত্যক্ষ তদারকিতে থেকেও তার থানার অফিসার ও ফোর্স দুর্ঘটনাস্থলে গমন, সুরতহাল রিপোর্ট প্রস্তুতকরণ এবং পুনরায় থানায় হাজির হওয়াসহ যাবতীয় কার্যক্রম সংক্রান্তে জিডি এন্ট্রিসহ কোনো রেকর্ডপত্র না থাকায় সংশ্লিষ্ট বিষয়ে অভিযুক্ত পুলিশ পরিদর্শকের সুস্পষ্ট অবহেলা ও অসৎ উদ্দেশ্য প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) অনুযায়ী আগামী ০১ (এক) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা'র" দন্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দন্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ২৬-১২-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দন্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তাকে প্রদত্ত দন্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব মোঃ এনামুল হক প্রধান (বিপি-৭২৯১০৯৮৭৮৩), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বর্তমানে সিআইডি, বগুড়া জেলায় কর্মরত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক "০১(এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" লঘুদন্ডের আদেশ বহাল রাখা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান,** বিপিএএ
সিনিয়র সচিব।

---

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**টিভি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১২** অগ্রহায়ণ ১৪৩০/২৭ নভেম্বর ২০২৩

নং **১৫.০০.০০০০.০২৩.২৭.০০২.১৯-৪১৯**—যেহেতু, জনাব নুরুল আজম, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের সাবেক জেনারেল ম্যানেজার, বর্তমানে বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্রের বার্তা সম্পাদক, গণযোগাযোগ অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় তথ্য অফিসে সংযুক্তিতে কর্মরত;

যেহেতু, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের সাবেক জেনারেল ম্যানেজার, বর্তমানে গণযোগাযোগ অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় তথ্য অফিসে সংযুক্ত বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্রের বার্তা সম্পাদক জনাব নুরুল আজম বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার এর দায়িত্ব পালনকালে বিগত ১৩-০৮-২০১৮ তারিখ চট্টগ্রাম কেন্দ্র হতে প্রচারিত "অন্যরকম" অনুষ্ঠানে বঙ্গবন্ধুকে উদ্দেশ্য করে গাওয়া গানটি যথাযথভাবে প্রচারিত না হওয়ায় বাংলাদেশ সরকারের ভাবমূর্তি ভীষণভাবে ক্ষুন্ন হয়েছে মর্মে তার বিরুদ্ধে অভিযোগ আনীত হয়েছে। আনীত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে ০২/২০১৯ নং বিভাগীয় মামলা রুজু করতঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ০৪-০৮-২০১৯ তারিখের ২৬৬ নম্বর স্মারকে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তিনি তার জবাব দাখিল করেন এবং তার অভিপ্রায় অনুযায়ী গত ০৩-১০-২০১৯ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিকালে তিনি জানান যে, গানটি সম্পাদনার সাথে তিনি জড়িত ছিলেন না। গানটি প্রচার হওয়ার কয়েক মাস পরে এ বিষয়ে তদন্ত হওয়ার প্রেক্ষিতে জানতে পারেন যে, গানটি আংশিকভাবে প্রচার করা হয়েছে। গানটির মিউজিক কাটা নিয়ে যে অপরাধ হয়েছে এটি তার অজান্তে হয়েছে মর্মে তিনি নিজেকে নির্দোষ দাবী করেন। সে প্রেক্ষিতে তিনি দয়ার বশবর্তী হয়ে অভিযোগ প্রত্যাহার করে নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের সুযোগ প্রদানের জন্য প্রার্থনা জানিয়েছেন।

যেহেতু, তাঁর ব্যক্তিগত শুনানি এবং লিখিত বক্তব্যের পরিপ্রেক্ষিতে বিষয়টি তদন্ত করার জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের তৎকালীন যুগ্মসচিব (প্রেস) জনাব এস এম মাহফুজুল হক [বর্তমানে সদস্য (অর্থ ও প্রশাসন) বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, স্থলবন্দর ভবন, আগারগাঁও]- কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তিনি গত ২৯-০৬-২০২২ তারিখে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। পরবর্তীতে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লিখিত বিষয়ে পুনঃতদন্ত করে জরুরী ভিত্তিতে একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দাখিলের জন্য এ মন্ত্রণালয়ের ১৬-০২-২০২৩ তারিখের ৫৪ নং স্মারক পত্রে তদন্তকারী কর্মকর্তাকে অনুরোধ করা হয়। পূর্বের তদন্ত প্রতিবেদনের অনবৃত্তিক্রমে তদন্তকারী কর্মকর্তা গত ৩০-০৫-২০২৩ তারিখ পুনঃতদন্ত প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা সার্বিক মতামতে উল্লেখ করেন যে, "অভিযোগে বর্ণিত গানটি অসম্পূর্ণভাবে প্রচারিত হওয়ায় প্রতিষ্ঠান প্রধান হিসেবে বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের তৎকালীন জেনারেল ম্যানেজার তার দায় এড়াতে পারেন না"।

যেহেতু, পুনঃতদন্তের প্রেক্ষিতে কর্তৃপক্ষ গত ১৯-০৯-২০২৩ তারিখে পুনরায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করেন। শুনানীকালে তিনি আবারো নিজেকে নির্দোষ দাবী করেন।

পরবর্তীতে বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্তের লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, পুনঃতদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের সাবেক জেনারেল ম্যানেজার, বর্তমানে বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্রের বার্তা সম্পাদক (গণযোগাযোগ অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় তথ্য অফিসে সংযুক্ত) জনাব নুরুল আজম এর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা রয়েছে। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী অসদাচরণ (Misconduct) এর অভিযোগে দায়ী করা যায়।

এমতাবস্থায়, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের সাবেক জেনারেল ম্যানেজার বর্তমানে গণযোগাযোগ অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় তথ্য অফিসে সংযুক্ত বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্রের বার্তা সম্পাদক এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানী ও তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনসমূহ এবং আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ অধীনে (খ) বিধানমতে ০২/২০১৯ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২) (ক) বিধি মোতাবেক 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
সিনিয়র সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ মাঘ ১৪৩০/২৮ জানুয়ারি ২০২৪

নং **৩৩.০০.০০০০.১২৬.২৭.০০৮.২৩-৫৮**—যেহেতু, জনাব এস এম আশিকুর রহমান, প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, গোপালগঞ্জ এর বিরুদ্ধে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালনকালে নিজ নামে নিবন্ধনকৃত ব্যক্তিগত জিপ গাড়ি (ঢাকা মেট্রো-ঘ ২২-১৪১৬) প্রকল্পের কাজে ব্যবহারের জন্য প্রকল্পের গাড়ি সরবরাহকারী ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট চুক্তি স্বাক্ষরের মাধ্যমে মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিনিময়ে ভাড়া প্রদান করেন এবং এহেন প্রক্রিয়া সরকারি ক্রয় সংক্রান্ত বিধিমালা লঙ্ঘন করে সরবরাহকারীর সাথে যোগসাজশের মাধ্যমে ব্যক্তিগত জিপ গাড়ি প্রকল্পের কাজে ভাড়া দেওয়ার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক ১০-১২-২০২৩ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কৈফিয়ত তলব করা হয়। তিনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও তার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ দেওয়া হয়; এবং

০২। যেহেতু, তিনি কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং সে অনুযায়ী গত ২৩-০১-২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

০৩। যেহেতু, শুনানিতে সরকার পক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তা জনাব মো: হেমায়েত হোসেন (৬৭২১), যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী সমর্থন করে বক্তব্য প্রদান করেন। অভিযুক্ত কর্মকর্তা জনাব এস এম আশিকুর রহমান তার লিখিত বক্তব্য সমর্থন করে বলেন যে, সরকারি কোষাগার থেকে তিনি সরাসরি অর্থ গ্রহণ করেননি এবং তেল বাবদ নিজে কোনো টাকা গ্রহণ করেননি। প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও তদারকির স্বার্থে অজ্ঞতাবশত গাড়িটি সরল বিশ্বাসে সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রদান করা হয়েছিল। তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রার্থনা করেন; এবং

০৪। যেহেতু, অভিযোগনামায় আনীত অভিযোগের বিষয়ে অভিযুক্তের জবাব ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা নিজ নামে নিবন্ধনকৃত ব্যক্তিগত গাড়ি

প্রকল্পের কাজে ব্যবহারের জন্য সরবরাহকারী ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট চুক্তির মাধ্যমে ভাড়া প্রদান করেন, যা তিনি তার লিখিত জবাব ও শুনানিকালে প্রদত্ত বক্তব্যে স্বীকার করেছেন। তিনি নিজেকে নির্দোষ দাবী করেননি; এবং

০৫। সেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, উভয়পক্ষের বক্তব্য, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, তথ্য প্রমাণ ও প্রাসঙ্গিক বিষয়সমূহ পর্যালোচনায় সরকারি ক্রয়সংক্রান্ত বিধিমালা লঙ্ঘন করে নিজ নামে নিবন্ধনকৃত ব্যক্তিগত জিপ গাড়ি প্রকল্পের গাড়ি সরবরাহকারী ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ভাড়া প্রদান করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে একই বিধিমালার ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও অন্যান্য বিষয়াদি বিবেচনায় ৪(২)(ক) বিধি অনুযায়ী জনাব এস এম আশিকুর রহমান, প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, গোপালগঞ্জ-কে 'তিরস্কার (Censure)' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাং সেলিম উদ্দিন**
সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ পৌষ ১৪৩০/২৪ ডিসেম্বর ২০২৩

নং **৩৩.০০.০০০০.১২৬.২৭.০২০.২৩-৭৪৭**—যেহেতু, জনাব আসলাম আলী, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বাঘা, রাজশাহী ২০২১ সালে জানুয়ারি হতে জুন মেয়াদে খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জে কর্মকালে খামারের ধার্যকৃত লক্ষ্যমাত্রার জমাকৃত অর্থ বাদে অবশিষ্ট ১.৭২ লক্ষ (এক লক্ষ বাহাত্তর হাজার) টাকা এবং ঘূর্ণায়মান তহবিল এর ১.০৩৭৫৮ লক্ষ (এক লক্ষ তিন হাজার সাতশত আটান্ন) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদান না করার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'দুর্নীতির (Corruption)' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়; এবং

০২। যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মচারী কৈফিয়ত তলবের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনার পরিপ্রেক্ষিতে ২১-০৯-২০২৩ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। তার কৈফিয়তের লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য, রাষ্ট্রপক্ষের বক্তব্য এবং তদন্ত প্রতিবেদন বিশ্লেষণে তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়। অভিযুক্ত কর্মচারী শুনানিকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে নির্দোষ প্রমাণের জন্য যথাযথ প্রমাণাদি ও সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে পারেননি; এবং

০৩। যেহেতু, জনাব আসলাম আলী, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য বীজ উৎপাদন খামার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জে কর্মকালে খামারে ধার্যকৃত লক্ষ্যমাত্রা ৩.০৯ লক্ষ (তিন লক্ষ নয় হাজার) টাকার মধ্যে জমাকৃত ১.৩৭ লক্ষ (এক লক্ষ সাইত্রিশ হাজার) টাকা বাদে অবশিষ্ট ১.৭২ লক্ষ (এক লক্ষ বাহাত্তর হাজার) টাকা এবং ঘূর্ণায়মান তহবিল থেকে উত্তোলিত ১.০৩৭৫৮ লক্ষ (এক লক্ষ তিন হাজার সাতশত আটান্ন) টাকা মোট ২.৭৫৭৫৮ লক্ষ (দুই লক্ষ পঁচাত্তর হাজার সাতশত আটান্ন) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

০৪। সেহেতু, বিভাগীয় মামলা সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা এবং অপরাধের গুরুত্ব ও সার্বিক বিষয় বিবেচনা করে জনাব আসলাম আলী প্রাক্তন মৎস্য সম্প্রাসারণ কর্মকর্তা, মৎস্য বীজ উৎপাদন খামার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ বর্তমানে উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বাঘা, রাজশাহী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী আদেশ জারির তারিখ হতে তার বেতন ০১ (এক) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর এক ধাপ' অবনমিতকরণ অর্থাৎ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডে ২২,০০০—৫৩,০৬০/- টাকা স্কেলে বর্তমানে প্রাপ্ত মূল বেতন ৩৭,৬৮০/- টাকা হতে বেতন গ্রেডের নিম্নতর এক ধাপে' ৩৫,৮৮০/- টাকা মূল বেতনে অবনমিতকরণ সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি ২২,০০০—৫৩,০৬০/- টাকার স্কেলে ৩৫,৮৮০/- টাকা হতে বেতন প্রাপ্য হবেন। এ দণ্ডাদেশের অবনমিতকাল অর্থাৎ দণ্ড বলবৎ থাকার সময় বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না। তিনি কোনো ধরনের বকেয়া প্রাপ্য হবেন না। সরকারি পাওনা ((১.৭২+ ১.০৩৭৫৮)= ২.৭৫৭৫৮ লক্ষ (দুই লক্ষ পঁচাত্তর হাজার সাতশত আটান্ন) টাকা আদেশ জারির তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করে চালানের মূল কপি দাখিল করার জন্য তাকে নির্দেশ প্রদান করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাহিদ রশীদ**
সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ পৌষ ১৪৩০/১৯ ডিসেম্বর ২০২৩

নং **২৫.০০.০০০০.০১৯.৩৪.০০১.২০-৮৫০**—এতদ্বারা সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২৩ এর ধারা ৪(১) অনুযায়ী "সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ" নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মিজানুর রহমান**
যুগ্মসচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪৩০/০৫ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০.২৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিসেস

লিমিটেড (বিএসএল)-এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মনোজ কুমার রায়, অতিরিক্ত সচিব (পর্যটন)-এর স্থলে অতিরিক্ত সচিব জনাব ফাতেমা রহিম ভীনা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম মন্ডল**
উপ-সচিব।

---

**নৌপরিবহন মন্ত্রণালয়**
**নৌশিক্ষা ও প্রশিক্ষণ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৪ মাঘ ১৪৩০/০৭ ফেব্রুয়ারি ২০২৪

নং **১৮.০০.০০০০.০১৭.১১.০২৮.২৩.৩২**—নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের ইঞ্জিনিয়ারিং মেকানিক [উপসহকারী প্রকৌশলী] জনাব মোঃ মিরাজুল ইসলাম রাব্বি এর গত ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে তাঁকে ২০ ডিসেম্বর ২০২৩ তারিখ থেকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা-৫৩ মোতাবেক সরকারি চাকরি হতে নিম্নোক্ত শর্তে অব্যাহতি প্রদান করা হলো।

২। **শর্ত :**

ক. জনাব মোঃ মিরাজুল ইসলাম রাব্বি, ইঞ্জিনিয়ারিং মেকানিক [উপসহকারী প্রকৌশলী], বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের নিকট কোনো সরকারি পাওনা থাকলে উক্ত একাডেমির কমান্ড্যান্ট বিধি মোতাবেক তা নিষ্পত্তি করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ২২ মাঘ ১৪৩০/০৫ ফেব্রুয়ারি ২০২৪

নং **১৮.০০.০০০০.০১৭.১১.০৩৬.১৪.৯৯**—নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের ঊর্ধ্বতন প্রকৌশলী প্রশিক্ষক জনাব রবিউল হাসান মোহাম্মদ শহিদ উল্লাহ এর গত ১৫ ডিসেম্বর ২০২৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে তাঁকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা-৫৩ মোতাবেক সরকারি চাকরি হতে নিম্নোক্ত শর্তে অব্যাহতি প্রদান করা হলো।

২। **শর্ত :**

ক. জনাব রবিউল হাসান মোহাম্মদ শহিদ উল্লাহ, ঊর্ধ্বতন প্রকৌশলী প্রশিক্ষক, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের নিকট কোনো সরকারি পাওনা থাকলে উক্ত একাডেমির কমান্ড্যান্ট বিধি মোতাবেক তা নিষ্পত্তি করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **১৮.০০.০০০০.০১৭.১১.০২৫.২২.১০১**—এ মন্ত্রণালয়ের গত ১১ মে ২০২২ তারিখের ১৮.০০.০০০০.০১৭.১১.০২২.২১-১৯৩ সংখ্যক প্রজ্ঞাপনের ২(খ) শর্ত মোতাবেক বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের নৌপ্রশিক্ষক পদের চাকরি থেকে ক্যাপ্টেন মোঃ কামাল হোসেন, পিতা : মোহাম্মদ মোল্যা, মাতা : জাহানারা বেগম, বাসা/হোল্ডিং/গ্রাম : জাহান মঞ্জিল, বাসা নং-১৫৯, ওয়ার্ড নং-০৭, ডাকঘর : লক্ষীপাশা, উপজেলা : লোহাগড়া, জেলা : নড়াইল-কে অপসারণ করা হলো।

২। **শর্ত :**

ক. ক্যাপ্টেন মোঃ কামাল হোসেন, নৌপ্রশিক্ষক, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের নিকট কোনো সরকারি পাওনা থাকলে উক্ত একাডেমির কমান্ড্যান্ট বিধি মোতাবেক তা নিষ্পত্তি করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ শুকরিয়া পারভীন**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-০২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৪.২৩.১৩**—যেহেতু, জনাব মোঃ আব্দুল মোত্তালেব সরকার, উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, খাগড়াছড়ি এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং ০১/২০২২ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ (২) (ঘ) বিধি মোতাবেক ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের গত ১৪ জুন ২০২৩ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৪.০৪০.১৮.৯১৭ সংখ্যক অফিস আদেশমূলে তাকে ২ (দুই) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" এর লঘুদণ্ড আরোপ করা হয়;

যেহেতু, তিনি ন্যায় বিচারের স্বার্থে উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে সুরক্ষা সেবা বিভাগ, সচিব মহোদয় বরাবর যথাযথ সময়ে আপীল আবেদন দাখিল করেছেন;

যেহেতু, বিভাগীয় কার্যধারা সূচনায় যথাযথ রীতি/পদ্ধতি অনুসৃত হয়নি এবং অভিযোগের উপর তথ্যাদি যথার্থ নয়।

যেহেতু, জনাব মোঃ আব্দুল মোত্তালেব সরকার, উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, খাগড়াছড়ি বিরুদ্ধে অভিযোগকারীর অভিযোগ অপ্রাসঙ্গিক।

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ আব্দুল মোত্তালেব সরকার, উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, খাগড়াছড়ি এর আপীল আবেদন মঞ্জুরপূর্বক পূর্বে প্রদত্ত " বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" এর লঘুদণ্ডাদেশ বাতিলকরতঃ তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহিত প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী**
সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৬১.৯৯.০০৫.১৮.৪৫**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ সনে ৬৩ নং আইন এর ধারা ৬২ এর উপধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাধীন রাসায়নিক পরীক্ষাগার, জকিগঞ্জ রোড, দক্ষিণ সুরমা, সিলেট নামে একটি পরীক্ষাগার স্থাপন করিল। উক্ত আইনের অধীনে পরিচালিত কোনো বস্তুর রাসায়নিক পরীক্ষার প্রয়োজন দেখা দিলে নমুনা তথায় প্রেরণ করিতে হইবে।

০২। এতদুদ্দেশ্যে সংযুক্ত ফরম এর নমুনা অনুযায়ী রাসায়নিক পরীক্ষকের স্মারকযুক্ত পরীক্ষণ রিপোর্ট উক্ত আইনের ধারা ৬২ এর উপ-ধারা (৩) অনুযায়ী মামলা দায়ের, মাদকদ্রব্য অপরাধের তদন্ত, অনুসন্ধান, বিচার অথবা অন্য কোনো প্রকার কার্যধারায় সাক্ষ্য হিসেবে ব্যবহার করা যাইবে।

৩। এই অদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জান্নাতুল ফেরদৌস**
উপসচিব।

Form-B

Report No. Dated..................

From
THE CHEMICAL EXAMINER TO THE DEPARTMENT OF NARCOTICS CONTROL, GOVERNMENT OF BANGLADESH, ZAKIGANJ ROAD, SOUTH SURMA, SYLHET-3190.

To,
THE

.........................................................................................
.........................................................................................

The following is the result of analysis of the contents of

.........................................................................................
.........................................................................................

Forwarded of examination with his ............... Dated............

Ref:

| Exhibits are destroyed after six months if not requisitioned for return earlier |
|---|

**ফলাফল**

Chemical Examiner to the Department of Narcotics Control, Government of Bangladesh.

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৬১.৯৯.০০৫.১৮.৪৬**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ সনে ৬৩ নং আইন এর ধারা ৬২ এর উপধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাধীন রাসায়নিক পরীক্ষাগার, হড়গ্রাম (ঠাকুরমারা), কাশিয়াডাঙ্গা রাজশাহী নামে একটি পরীক্ষাগার স্থাপন করিল। উক্ত আইনের অধীনে পরিচালিত কোনো বস্তুর রাসায়নিক পরীক্ষার প্রয়োজন দেখা দিলে নমুনা তথায় প্রেরণ করিতে হইবে।

০২। এতদুদ্দেশ্যে সংযুক্ত ফরম এর নমুনা অনুযায়ী রাসায়নিক পরীক্ষকের স্মারকযুক্ত পরীক্ষণ রিপোর্ট উক্ত আইনের ধারা ৬২ এর উপ-ধারা (৩) অনুযায়ী মামলা দায়ের, মাদকদ্রব্য অপরাধের তদন্ত, অনুসন্ধান, বিচার অথবা অন্য কোনো প্রকার কার্যধারায় সাক্ষ্য হিসেবে ব্যবহার করা যাইবে।

৩। এই অদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জান্নাতুল ফেরদৌস**
উপসচিব।

Form-B

Report No. Dated..................

From

THE CHEMICAL EXAMINER TO THE DEPARTMENT OF NARCOTICS CONTROL, GOVERNMENT OF BANGLADESH, HORGRAM, KASHIADANGA, RAJSHAHI-6201.

To,

The

.........................................................................................
.........................................................................................

The following is the result of analysis of the contents of

.........................................................................................
.........................................................................................

Forwarded of examination with his................ Dated...........

Ref:

| Exhibits are destroyed after six months if not requisitioned for return earlier |
|---|

**ফলাফল**

Chemical Examiner to the Department of Narcotics Control, Government of Bangladesh.

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৬১.৯৯.০০৫.১৮.৪৭**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ সনে ৬৩ নং আইন এর ধারা ৬২ এর উপধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাধীন রাসায়নিক পরীক্ষাগার, ভাটিখানা রোড, বরিশাল নামে একটি পরীক্ষাগার স্থাপন করিল। উক্ত আইনের অধীনে পরিচালিত কোনো বস্তুর রাসায়নিক পরীক্ষার প্রয়োজন দেখা দিলে নমুনা তথায় প্রেরণ করিতে হইবে।

০২। এতদুদ্দেশ্যে সংযুক্ত ফরম এর নমুনা অনুযায়ী রাসায়নিক পরীক্ষকের স্মারকযুক্ত পরীক্ষণ রিপোর্ট উক্ত আইনের

ধারা ৬২ এর উপ-ধারা (৩) অনুযায়ী মামলা দায়ের, মাদকদ্রব্য অপরাধের তদন্ত, অনুসন্ধান, বিচার অথবা অন্য কোনো প্রকার কার্যধারায় সাক্ষ্য হিসেবে ব্যবহার করা যাইবে।

৩। এই অদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জান্নাতুল ফেরদৌস**
উপসচিব।

Form-B

Report No. Dated..................

From

THE CHEMICAL EXAMINER TO THE DEPARTMENT OF NARCOTICS CONTROL, GOVERNMENT OF BANGLADESH, VATIKHANA ROAD, BARISHAL.

To,

The

.................................................................................................
.......................................................................................

The following is the result of analysis of the contents of

.................................................................................................
.................................................................................................

Forwarded of examination with his............. Dated............

Ref:

| Exhibits are destroyed after six months if not requisitioned for return earlier |
|---|

**ফলাফল**

Chemical Examiner to the Department of Narcotics Control, Government of Bangladesh.

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ চৈত্র, ১৪৩০/২১ মার্চ, ২০২৪

**নং ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-৭৯**—গত ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখে ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-৪১৯ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন আংশিকভাবে সংশোধনক্রমে বাংলাদেশে কার্যরত দেশি-বিদেশি সকল এয়ারলাইন্স কর্তৃক বাংলাদেশ হতে যাত্রী ও পণ্য পরিবহনের ভাড়া নির্ধারণের ক্ষেত্রে Head Line Currency হিসেবে দেশীয় মুদ্রা অর্থাৎ বাংলাদেশি টাকা কার্যকরকরণ সম্পর্কিত প্রক্রিয়া সম্পন্নকরণের নিমিত্ত সময় বৃদ্ধি করে ১৬ জানুয়ারি ২০২৫ তারিখ নির্ধারণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/২৪ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৫.২৪-১৮১**—জনাব মোহাম্মদ ফেরদৌস, উপজেলা শিক্ষা অফিসার, ইসলামপুর, জামালপুর (পদায়নের আদেশাধীন সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর)-এর বিরুদ্ধে গুরুতর আর্থিক অনিয়ম এবং অসদাচরণের বিষয়ে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন ও প্রাসংগিক তথ্যাদি এবং পারিপার্শ্বিকতা পর্যালোচনায় তার বরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মোকদ্দমার তদন্ত কার্যে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক প্রভাব বিস্তারের আশঙ্কা থাকায় সরকারি চাকরি আইন, ২০১৮ এর বিধি ৩৯ অনুযায়ী জনস্বার্থে তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকি ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হইবে।

**ফরিদ আহাম্মদ**
সচিব।

---

**[একই নম্বর ও তারিখের প্রজ্ঞাপনের স্থলাভিষিক্ত হবে]**

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৮ ফেব্রুয়ারি ২০২৪

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০৩২.২০২২-৬০**—যেহেতু, ডা. মো: আবীর হোসেন চৌধুরী (১৩৯০০৯), প্যাথলজিস্ট, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা-এর বিরুদ্ধে দেবহাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত থাকাকালে ১৬.০৩.২০২০ খ্রি. তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ৩১.৮.২০২২ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৩২.২২.৪৮৪ নং স্মারকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী অসদাচরণ ও পালায়নের অভিযোগে বিভাগীয় মামলা (নং ১০/২০২২) রুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ১২.০৩.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগ তদন্তের জন্য উপরোল্লিখিত বিধিমালা ৭ (২) (ঘ) বিধিমতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তে গত ১৬-০৩-২০২০ খ্রি. হতে ১১-০৩-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত তার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য।

সেহেতু অভিযুক্ত ডা. মোঃ আবীর হোসেন চৌধুরীকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) অনুসারে আগামী ০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি ক্রমপুঞ্জীভূত হারে স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতিকাল ১৬.০৩.২০২০ খ্রি. হতে ১১.০৩.২০২২ খ্রি. পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। উক্ত সময়ে তার বেতনভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে। তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: জাহাঙ্গীর আলম**
সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১৩৬.২০২১-৬৩**—যেহেতু ডা. মোঃ রাফিউল হাসান (১৩৬৪৯১) ইমারজেন্সি মেডিকেল অফিসার (সাময়িক বরখাস্ত), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাথরঘাটা, বরগুনা ইতঃপূর্বে স্বাস্থ্য অধিদপ্তরের পরিকল্পনা ও গবেষণা শাখায় কর্মরত থাকাকালে গত ২৪.০৮.২০২১ ও ২৫.০৮.২০২১ খ্রি. তারিখে তার অফিসে আগত একজন নারী চিকিৎসকের সঙ্গে অশালীন ও হয়রানিমূলক আচরণ করেন মর্মে অভিযোগ পাওয়া যায় এবং তিনি এর আগেও অন্য নারী সহকর্মীদের সঙ্গে আপত্তিকর আচরণ করেন মর্মে জানা যায়;

যেহেতু প্রাথমিক তদন্তে সত্যতা পাওয়ার পর উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ০৬.০৬.২০২২ খ্রি. তারিখের ৩৫৯ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা (নং ০৬/২০২২) রুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ১৫.০৩.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগ তদন্তের জন্য উপরোল্লিখিত বিধিমালার ৭(২) (ঘ) বিধিমতে তদন্ত কমিটি নিয়োগ করা হয়:

যেহেতু তদন্তে ডা. মোঃ রাফিউল হাসানের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু অভিযুক্ত ডা. মোঃ রাফিউল হাসানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (২) (খ) অনুসারে আগামী ০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি ক্রমপুঞ্জীভূত হারে স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৪ মার্চ ২০২৪ খ্রি.

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১৩৬.২১-১০১**—যেহেতু, ডা. মো: রাফিউল হাসান (১৩৬৪৯১) ইমারজেন্সি মেডিকেল অফিসার (সাময়িক বরখাস্ত), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাথরঘাটা, বরগুনা ইতঃপূর্বে স্বাস্থ্য অধিদপ্তরের পরিকল্পনা ও গবেষণা শাখায় কর্মরত থাকাকালে নারী, চিকিৎসকের সঙ্গে অশালীন ও হয়রানিমূলক আচরণ করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ০৬.০৬.২০২২ খ্রি. তারিখের ৩৫৯ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা (নং ০৬/২০২২) রুজু করা হয়;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(১) ধারার আলোকে স্বাস্থ্য সেবা বিভাগের ০৬.০৬.২০২২ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.১৩৬.২১-৩৬০ নং স্মারকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু উল্লিখিত বিভাগীয় মামালায় স্বাস্থ্য সেবা বিভাগের ১২.০২.২০২৪ খ্রি. তারিখের ৬৩ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (খ) অনুসারে আগামী ০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি ক্রমপুঞ্জীভূত হারে স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হয়েছে।

সেহেতু ডা. মোঃ রাফিউল হাসানের সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের পূর্বোক্ত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করার জন্য বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৪ মার্চ ২০২৪ খ্রি.

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৯.২০১৮-১৩৪**—যেহেতু, ডা. শিকদার মাহমুদ হোসেন (১১৪০৩৫), ইমারজেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, পিরোজপুর এর বিরুদ্ধে গত ০৯.০৫.২০১৮ খ্রি. তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়। এ পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের ০৯.১০.২০১৮ খ্রি. তারিখের ৩৫৯ নম্বর স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩ (গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের জবাব দেননি;

যেহেতু, উপরোল্লিখিত বিধিমালার ৭(৩) বিধি অনুসারে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করে তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তাকে একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী গুরুদণ্ডস্বরূপ চাকরি হতে বরখাস্ত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং কেন তার উপর উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, তা জানতে চেয়ে বিধিমালার ৭(৯) বিধি অনুসারে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ২২.০৮.২০২৩ খ্রি. তারিখে শুনানি গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় পূর্বোক্ত বিধিমালার ৪(৩) (ঘ) বিধিমতে গুরুদণ্ডস্বরূপ তাকে চাকরি হতে বরখাস্ত করার পূর্ববর্তী সিদ্ধান্ত বহাল রাখা হয়;

যেহেতু, এ সিদ্ধান্ত কার্যকর করার লক্ষ্যে উক্ত বিধিমালার ৭(১০) নং বিধির আলোকে সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হলে কমিশন উক্ত সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে চাকরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক ডা. শিকদার মাহমুদ হোসেনকে তার অনুপস্থিতি শুরুর তারিখ ০৯.০৫.২০১৮ খ্রি. থেকে চাকরি হতে বরখাস্ত করা হলো। উক্ত তারিখের পর থেকে তিনি কোনো রূপ আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। ইতোমধ্যে ০৯.০৫.২০১৮ খ্রি. এর পরবর্তী সময়ে তার কোনো বেতনভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: জাহাঙ্গীর আলম**
সচিব।

---

**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪৩০/০৫ ফেব্রুয়ারি ২০২৪

**নং-৪৫.০০.০০০০.১৮২.৮২.০০১.২১.৩২**—এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড (ইডিসিএল), কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আটিকেলস্ অব এসোসিয়েশনের ৫৪ (২) ধারা মোতাবেক, পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে নিম্নবর্ণিতভাবে মনোনয়ন প্রদান করা হলো।

| ক্র. নং | নাম,পদবি ও ঠিকানা | মনোনীত পদের নাম ও প্রতিষ্ঠান | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ডা: সামন্ত লাল সেন<br>মন্ত্রী<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>ফোন:০২-২২২৩৩৫৪৪২২ (অফিস)<br>ই-মেইল: minister @ mohfw. gov.bd | চেয়ারম্যান, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড (ইডিসিএল) পরিচালনা পর্ষদ | তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রাক্তন মন্ত্রী জনাব জাহিদ মালেক-এর স্থলাভিষিক্ত হবেন। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সহকারী সচিব।

**[একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত]**

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

**সংস্থা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১৬.০০.০০০০.০০৪.১৮.২১৬.১৯-৫৪**—ইসলামিক ফাউন্ডেশন আইন ১৯৭৫-এর ৬(১) ধারা মোতাবেক সরকার ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস নিম্নরূপভাবে গঠন করলেন :

| নং | সম্মানিত সদস্যগণের নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|
| **(ক)** | **পদাধিকার বলে নিযুক্ত:** | |
| ১. | মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২. | চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | গভর্নর |
| ৩. | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | গভর্নর |
| ৪. | ভাইস চ্যান্সেলর, ইসলামি বিশ্ববিদ্যালয় | গভর্নর |
| ৫. | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড | গভর্নর |
| ৬. | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য সচিব |
| **(খ)** | **সরকার কর্তৃ মনোনীত ০২ (দুই) জন মাননীয় সংসদ সদস্য:** | |
| ৭. | জনাব মো: আবুল কালাম আজাদ, মাননীয় সংসদ সদস্য: রাজশাহী-৪ | গভর্নর |
| ৮. | জনাব মো: ইলিয়াছ উদ্দিন মোল্লাহ্, মাননীয় সংসদ সদস্য, ঢাকা-১৬ | গভর্নর |
| **(গ)** | **বাংলাদেশের প্রখ্যাত মুসলিম চিন্তাবিদ ও প্রাজ্ঞ আলেম-ওলামাদের মধ্য হতে সরকার কর্তৃক মনোনীত ০৫ (পাঁচ) ব্যক্তি (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়) :** | |
| ৯. | খন্দকার গোলাম মওলা নকশেবন্দী, উপদেষ্টামণ্ডলীর সদস্য, চেয়ারম্যান, কেন্দ্রীয়-ধর্ম বিষয়ক উপকমিটি, বাংলাদেশ আওয়ামী লীগ। | গভর্নর |
| ১০ | মাওলানা ফরিদ উদ্দিন মাসউদ, সাবেক পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং চেয়ারম্যান, গবেষণা পরিষদ, ঢাকা | গভর্নর |
| ১১. | মাও: মো: আবদুর রশিদ, অধ্যাক্ষ, সরকারি মাদরাসা-ই আলিয়া, ঢাকা | গভর্নর |
| ১২ | শায়েখ আল্লামা জামাল উদ্দিন মাহমুদ সন্দ্বীপি, প্রিন্সিপাল, জামিয়া উসমানিয়া হোসাইনাবাদ, বাখরাবাজ, কাটাখালী, রাজশাহী। | গভর্নর |
| ১৩ | মুফতি মাওলানা ওমর ফারুক, ইমাম, বাংলাদেশ সচিবালয়, কেন্দ্রীয় জামে মসজিদ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | গভর্নর |

২। পদাধিকারবলে নিযুক্ত গভর্নরসগণ ছাড়া অন্যান্য গভর্নরগণের মেয়াদ এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে। তবে ৩ (তিন) বছর অতিক্রান্ত হলে ও তাঁর বা তাঁদের স্থলে সরকার নতুন গভর্নর মনোনয়ন না দেয়া পর্যন্ত তিনি তাঁর দায়িত্ব পালন করে যাবেন।

৩। সরকার প্রয়োজনবোধ যেকোনো সময় পদাধিকারবলে নিযুক্ত গভর্নর ছাড়া অন্যান্য গভর্নর বা গভর্নরগণের পরিবর্তন বা তাঁর/তাঁদের পদ শূন্য ঘোষণা করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ছামছুন নাহার
সিনিয়র সহকারী সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ বৈশাখ ১৪৩১/২৮ এপ্রিল ২০২৪

নং **৫৩.০০.০০০০.৪২১.১১.০০১.১৮-৪০**—বাংলাদেশ সিকিউ-রিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম কে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ৫(৬) মোতাবেক আগামী ১৭ মে ২০২৪ হতে অথবা যোগদানের তারিখ হতে পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান পদে পুন:নিয়োগ প্রদান করা হলো। তাঁর বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি সরকারের সাথে সম্পাদিত চুক্তি দ্বারা নির্ধারিত হবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহিদ হোসেন**
যুগ্মসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**আইন-৪ শাখা**

**পরিপত্র**

তারিখ : ২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/০৫ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয় ঃ "আংশিক ভূমি ব্যক্তি মালিকানাধীন এবং আংশিক ভূমি অর্পিত সম্পত্তি হলে ব্যক্তি মালিকানাধীন ভূ-সম্পত্তির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর আদায়" সংক্রান্ত নির্দেশনা।**

নং **৩১.০০.০০০০.০৪৫.০০৬.২১-৬৩**—এ মর্মে পরিলক্ষিত হচ্ছে যে, কোনো দাগের আংশিক ভূমি ব্যক্তি মালিকানাধীন এবং আংশিক ভূমি অর্পিত সম্পত্তি হলে অনেক ক্ষেত্রে ব্যক্তি মালিকানাধীন ভূ-সম্পত্তির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর গ্রহণে মাঠ পর্যায়ে নানাবিধ জটিলতার সৃষ্টি হচ্ছে, যা কোনো ক্রমেই কাম্য নয়।

এ পরিপ্রেক্ষিতে "কোনো দাগের আংশিক ভূমি ব্যক্তি মালিকানাধীন এবং আংশিক ভূমি ব্যক্তি মালিকানাধীন এবং আংশিক ভূমি অর্পিত সম্পত্তি হলে"—

(ক) ব্যক্তি মালিকানাধীন ভূ-সম্পত্তির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর গ্রহণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

(খ) উক্ত দাগ বা দাগসমূহে ব্যক্তি মালিকানাধীন ও অর্পিত সম্পত্তি পৃথক পৃথকভাবে চিহ্নিত না থাকলে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) তা পৃথক পৃথক ভাবে চিহ্নিত করার ব্যবস্থা করবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) তা সাবেক/হাল রেকর্ড, দাগ সূচী, মৌজা ম্যাপ পর্যালোচনান্তে পৃথক পৃথক ভাবে চিহ্নিত করার ব্যবস্থা করবেন।

(গ) ব্যক্তি মালিকানাধীন অংশের নামজারি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট দাগভিত্তিক জমির মধ্যে কতটুকু অর্পিত সম্পত্তি তা উল্লেখ করে ব্যক্তি মালিকানাধীন যতটুকু জমির জন্য নামজারি করা হলো সৃজিত খতিয়ানের মন্তব্য কলামে তা সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে।

(ঘ) উক্ত কার্যক্রমের ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) তার আওতাধীন কানুনগো/সার্ভেয়ার/সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌর ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তার দ্বারা সরেজমিনে স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের উপস্থিতিতে তদন্ত পূর্বক অর্পিত সম্পত্তি এবং মালিকানাধীন ভূমি আলাদাভাবে চিহ্নিত করে যৌথ স্বাক্ষরিত নকশা প্রস্তুত করে প্রতিবেদন সংগ্রহ, শুনানি গ্রহণ ও সাবেক/হাল রেকর্ড, দাগসূচী, মৌজা ম্যাপ পর্যালোচনান্তে ব্যক্তি মালিকানাধীন ভূমির নামজারি প্রদান এবং ভূমি উন্নয়ন কর আদায় করবেন।

(ঙ) সহকারী কমিশনার (ভূমি) উক্তরূপ কার্যধারায় গৃহীত সিদ্ধান্ত ও কানুনগো/সার্ভেয়ার/সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌর ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তার স্বাক্ষরিত নকশার কপি পক্ষগণকে প্রদানসহ নিজ দপ্তরে ও আওতাধীন ইউনিয়ন/পৌর ভূমি অফিসে সংরক্ষণ করবেন এবং তদানুযায়ী ব্যক্তি মালিকানাধীন ভূমির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর গ্রহণ নিশ্চিত করবেন।

এমতাবস্থায়, আংশিক ভূমি ব্যক্তি মালিকানাধীন এবং আংশিক ভূমি অর্পিত সম্পত্তি হলে ব্যক্তি মালিকানাধীন ভূ-সম্পত্তির নামজারি প্রদান ও ভূমি উন্নয়ন কর আদায়ে এ পরিপত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য বলা হলো।

**মোঃ খলিলুর রহমান**
সচিব।

---

**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৮ বৈশাখ ১৪৩১/২১ এপ্রিল ২০২৪

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১০.২৩.৫৯**—The State Acquisition and Tenancy Act. 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ডেবরা | ৬৮ | ৪৮৪ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ০২ | ভাঙ্গা দেউলা | ২৫ | ৫৪৬ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ০৩ | শঙ্কর পাশা | ১২১ | ৪৩৮ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ০৪ | হাড়দল | ৬৭ | ৩৮৫ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ০৫ | বীর নারায়ণ | ১৩৪ | ৬০৪ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ০৬ | রাজাবাড়িয়া | ৮২ | ৫৪২ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ০৭ | করুয়ার কাঠী | ২৮ | ৩০৭ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ০৮ | সরই | ৬ | ৭২৭ | ২ | নলছিটি | ঝালকাঠি |
| ০৯ | খুলনা | ৪৪ | ৫৪৫ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ১০ | হয়বৎপুর | ৬৩ | ৩৩৬ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ১১ | ফয়রা | ১০৩ | ৫৪৫ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ১২ | পাঠাকাটা | ২৯ | ৮৮২ | ৩ | মঠবাড়িয়া | পিরোজপুর |
| ১৩ | ধলী গৌরনগর | ৪২ | ১৮৭৫ | ৪ | লালমোহন | ভোলা |
| ১৪ | সুন্দর | ৫২ | ১৬৫ | ২ | রাজাপুর | ঝালকাঠি |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**(আইন শাখা-৪)**

**পরিপত্র**

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/০৫ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ অনুযায়ী বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে জারীকৃত পরিপত্রসমূহের পরিপূরক নির্দেশনা প্রসংগে।**

নং **৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬.৬৪**—উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর ২৮ ক এর উপ-ধারা (৪) অনুযায়ী সরকার বা ব্যক্তির আইনানুগ প্রাপ্য স্বত্ব বা স্বার্থ সংরক্ষণে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে করণীয় সম্পর্কিত ইতিপূর্বে জারীকৃত পরিপত্র সমূহের পরিপূরক হিসেবে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো—

১। 'খ' তফসিল বাতিল হওয়া সত্ত্বেও উক্ত তফসিলভুক্ত সম্পত্তিতে সরকার বা কোনো ব্যক্তির স্বত্ব বা স্বার্থ সম্পর্কে প্রচলিত আইনের অধীন প্রতিকার লাভে কোনো আইনগত বাধা থাকবে না।

২। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর ২৮ ক ধারার বিধান মতে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির মধ্যে যে সকল সম্পত্তির হোল্ডিং বৈধভাবে খোলা হয়েছিল এবং ভূমি উন্নয়ন কর আদায় করা হতো সে সকল সম্পত্তির ভূমি উন্নয়ন কর পূর্ববৎ আদায় করতে হবে।

৩। রেজিস্ট্রিকৃত বৈধ দলিলাদি থাকার পরেও যেক্ষেত্রে রেকর্ড সংশোধন হয়নি তাদের নামে হোল্ডিং খুলে ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে এবং আইনানুগভাবে রেজিস্ট্রিকৃত বিনিময় দলিলের অন্তর্ভুক্ত ভূমির ক্ষেত্রে যদি পৃথক খতিয়ান খোলা না হয়ে থাকে তবে সে সব ক্ষেত্রে দলিলের সত্যতা যাচাই পূর্বক পৃথক হোল্ডিং খুলে বকেয়াসহ হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে।

৪। 'খ' তালিকা গেজেটে প্রকাশিত হওয়ার পূর্বে উপযুক্ত আদালতের রায়ের প্রেক্ষিতে যে সকল সম্পত্তি অবমুক্তির আদেশ দেওয়া হয়েছে, নাগরিক আবেদনের প্রেক্ষিতে সে সকল সম্পত্তির রেকর্ড সংশোধন করতে হবে এবং বকেয়াসহ হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে। এছাড়াও, 'খ' তফসিল বিলুপ্তির পর যেসব বিচারাধীন মামলা abate হয়ে গেছে, নাগরিক আবেদনের প্রেক্ষিতে মালিকানার ধারাবাহিকতাসহ দাখিলকৃত কাজগপত্র ও দলিলাদির সঠিকতা যাচাইপূর্বক সে সকল সম্পত্তির রেকর্ড সংশোধনক্রমে বকেয়াসহ হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে।

৫। 'খ' তফসিলভুক্ত যে সকল সম্পত্তি ১/১ খতিয়ানে অথবা অর্পিত সম্পত্তি হিসেবে অন্য কোনো খতিয়ানে (যেমন ব্যক্তির নামীয় খতিয়ানে হাল সাং ভারত ইত্যাকারে) রেকর্ড হয়েছে তা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ কার্যকর হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য বিধায় বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তি রেকর্ড সংশোধনের ক্ষেত্রে নাগরিকগণ কর্তক দাখিলকৃত আবেদনে মালিকানার সমর্থনে বৈধ প্রমাণপত্র বা দলিলাদি উপস্থাপনে সমর্থ হলে বৈধ দাবিদারের নামে রেকর্ড সংশোধনের জন্য রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ১৪৩ ও ১৪৪ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। লক্ষ্য করা যাচ্ছে যে, বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তি রেকর্ড সংশোধনের ক্ষেত্রে নাগরিকগণ মালিকানার স্বপক্ষে বৈধ প্রমাণপত্র বা দলিলাদি উপস্থাপনে অসমর্থ হলে উক্ত সম্পত্তি খাস করার নির্দেশনা থাকলেও সহকারী কমিশনার (ভূমি) গণ তা প্রতিপালন করছেন না। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত যে সব

সম্পত্তির ভোগদখলকারী তাদের মালিকানার সমর্থনে বৈধ প্রমাণপত্র বা দলিলাদি উপস্থাপনে ব্যর্থ হবেন, সেসব ভু-সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মতে খাস ঘোষণা করতে হবে এবং সে অনুযায়ী রেকর্ড সংশোধন করতে হবে।

৭। সরকার বা ব্যক্তির আইনানুগ প্রাপ্য স্বত্ব বা স্বার্থ সংরক্ষণে জনস্বার্থে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবীদারগণের আবেদন প্রাপ্তির পর কালক্ষেপণ না করে দ্রুত নিষ্পত্তি করতে হবে।

৮। জেলা প্রশাসক ও সহকারী কমিশনার (ভূমি)গণ বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের নিমিত্ত প্রাপ্ত নাগরিক আবেদনের নিষ্পত্তি তথা ব্যক্তি মালিকানায় রেকর্ড সংশোধন এবং খাসকরণের মাসিক অগ্রগতি প্রতিবেদন সংরক্ষণ করবেন। জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ রাজস্ব সম্মেলনে এ পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক নিয়মিত প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

৯। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবিদারগণ যাতে এসংক্রান্ত আবেদন দ্রুত দাখিল করেন এ বিষয়টি জেল প্রশাসক ও সহকারী কমিশনার (ভূমি) গণ ব্যাপক প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ খলিলুর রহমান**
সচিব।

---

**আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১/২৫ এপ্রিল ২০২৪

নং **১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২২-১১২**—যেহেতু, জনাব নীহার রঞ্জন বিশ্বাস, সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার, সদর, নরসিংদী [বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'-এর অভিযোগ আনয়নপূর্বক ০১/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করত: কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, জনাব নীহার রঞ্জন বিশ্বাস উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোনো যুক্তি প্রদর্শন করতে পারেননি;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক জনাব নীহার রঞ্জন বিশ্বাস-এর বিরুদ্ধে 'অসদচরণ' ও 'দুর্নীতি'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব নীহার রঞ্জন বিশ্বাস-কে অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের বিপরীতে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে 'চাকরি হতে বরখাস্ত' করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হলে কমিশন প্রাপ্ত সকল কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব নীহার রঞ্জন বিশ্বাস, সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার, সদর, নরসিংদী [বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত' শীর্ষক গুরুদণ্ড প্রদানে আইন ও বিচার বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ অনুযায়ী জনাব নীহার রঞ্জন বিশ্বাস, সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার, সদর, নরসিংদী [বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে 'চাকরি হতে বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

---

**আদেশাবলি**

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১/২৪ এপ্রিল ২০২৪

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৯৭.২৩.৪৭**—The Notaries Ordinance, 1961-এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মতিউর রহমান, পিতা-মোঃ খলিলুর রহমান, মাতা- মোছাঃ মাহমুদা বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **১০.০০.০০০০.১৩০.১১.১০২.২৩.৪৮**—The Notaries Ordinance, 1961-এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে চাঁদপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সুমন চন্দ্র দেবনাথ, পিতা-রবীন্দ্র চন্দ্র দেবনাথ, মাতা-মাধবী রানী দেবনাথ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি

উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১/২১ এপ্রিল ২০২৪

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৯১.৮৫-৫৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মাসুম আহমেদ, পিতা-মোঃ হাদিছ আলী, মাতা-রানী বেগম, গ্রাম-দেওথান, ওয়ার্ড নং-০৪ ও ০৯, ডাকঘর-মোহনগঞ্জ ২৪৪৬, পৌরসভা-মোহনগঞ্জ, জেলা-নেত্রকোণা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোণা জেলার মোহনগঞ্জ পৌরসভার ৪ ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১০ মার্চ ২০২৪ খ্রিঃ

নং **০২-সলিসিটর/২০০৯(অংশ-১)-৩১**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের এডভোকেট জনাব মোঃ জাকির হোসেন, এডভোকেট জনাব কাজী বশির আহমেদ ও এডভোকেট জনাব শ্যামা আক্তার-এর সহকারী অ্যাটর্নি জেনারেল হিসেবে অত্র মন্ত্রণালয়ের বিগত ১২/০৬/২০১৭ খ্রি. তারিখের ০৯/সলিসিটর/২০০৯-৪৬ নং, ১৯/১০/২০১৭ খ্রি. তারিখের ০৯/সলিসিটর/২০০৯-৮৬ নং ও ০৭/০৭/২০১৯ খ্রি. তারিখের ০৯/সলিসিটর/২০০৯-৬৩ নং স্মারকে প্রদত্ত নিয়োগ আদেশ বাতিলক্রমে তাঁহাদের-কে সহকারী অ্যাটর্নি জেনারেল পদে হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুনা নাহিদ আকতার**
সলিসিটর।

---

**বাংলাদেশ পরিকল্পনা কমিশন**
**কার্যক্রম বিভাগ**

**পরিপত্র**

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩১/১৬ এপ্রিল ২০২৪

**বিষয় : আন্তঃ মন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি পরিমার্জন।**

সূত্র: এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ এর পত্র নং-২০.০০.০০০০.৮০৩.০৬.০০২.২০২২.২২, তারিখ: ১১-০২-২০২৪।

নং **২০.০৬.০০০০.৬০৪.০২.০০৫..২৪/১৩৫**—পরিকল্পনা বিভাগ কর্তৃক জুন ২০২২ (পুনর্মুদ্রণঃ নভেম্বর ২০২২) সময়ে জারীকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা" এর সংযোজনী 'ম' তে বর্ণিত 'আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি' নিম্নরূপভাবে নির্দেশক্রমে পরিমার্জন করা হলো :

**আন্তঃ মন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি**

| ক্র.নং | মন্ত্রণালয়/বিভাগ | |
|---|---|---|
| ১ | সদস্য, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সভাপতি |
| ২ | প্রধান, সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৩ | প্রধান, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৪ | প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ. বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৫ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর প্রতিনিধি | সদস্য |
| ৬ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর প্রতিনিধি | সদস্য |
| ৭ | অর্থ বিভাগ-এর প্রতিনিধি | সদস্য |
| ৮ | পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ-এর প্রতিনিধি | সদস্য |
| ৯ | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ-এর প্রতিনিধি | সদস্য |
| ১০ | বাস্তবায়নকারী সংস্থার প্রধান | সদস্য |
| ১১ | সংশ্লিষ্ট যুগ্মপ্রধান, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সদস্য-সচিব |

- বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে নতুন অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্তির সুপারিশ প্রণয়নের জন্য সাধারণত কমিটির সভা অর্থবছরে ২বার

আহবান করা হবে। তবে বিশেষ প্রয়োজনে এডিপি/ আরএডিপি চলমান অবস্থায় এডিপি/আরএডিপি বহির্ভূত জাতীয় গুরুত্বপূর্ণ কোনো প্রকল্প গ্রহণ করা প্রয়োজন হলে প্রোগ্রামিং কমিটির বিশেষ সভা আহবান করা হবে।

- মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের হতে হবে।
- কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**কমিটির কার্যপরিধি :**

- সরকার কর্তৃক গৃহীত ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), পঞ্চবার্ষিক পরিকল্পনা, সেক্টর কৌশলপত্র ইত্যাদির সাথে প্রস্তাবিত প্রকল্পের সংযোগ/ সামঞ্জস্যতা নির্ধারণ;
- মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় মন্ত্রণালয়/ বিভাগের উন্নয়ন বাজেটের প্রাক্কলন/প্রক্ষেপন বিবেচনায় প্রস্তাবিত প্রকল্পের অর্থায়নের সম্ভাব্যতা বা অর্থায়ন পরিকল্পনা (Financing Plan) পরীক্ষা করা;
- মন্ত্রণালয় বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থার কর্মপরিধির সাথে প্রস্তাবিত প্রকল্পের সামঞ্জস্যতা নির্ধারণ করা;
- প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থার প্রশাসনিক ও কারিগরি সক্ষমতা বিবেচনা করা;
- প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে কিনা;
- প্রস্তাবিত প্রকল্প পিপিপি'র মাধ্যমে বাস্তবায়নযোগ্য কিনা;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রাপ্ত অননুমোদিত নতুন প্রকল্প যাচাই ও অগ্রাধিকার (উচ্চ, মধ্যম ও নিম্ন) নির্ধারণপূর্বক "বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির সুপারিশ প্রণয়নের জন্য চূড়ান্ত বাছাই কমিটি" তে প্রেরণ;
- বিবিধ।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**তানজিনা শাহরীন**
সিনিয়র সহকারী প্রধান।

**পরিপত্র**

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩১/১৬ এপ্রিল ২০২৪

**বিষয়ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির সুপারিশ প্রণয়নের জন্য চূড়ান্ত বাছাই কমিটি গঠন।**

**সূত্রঃ এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ এর পত্র নং-২০.০০. ০০০০.৮০.৩.০৬.০০২.২০২২.২২, তারিখ: ১১-০২-২০২৪।**

নং **২০.০৬.০০০০.৬০৪.০২.০০৫.২৪/১৩৬**—বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প বাছাইয়ের কাজটি আরও কার্যকর ও ফলপ্রসু করার লক্ষ্যে 'আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি' কৃর্তক সুপারিশকৃত প্রকল্প যাচাই-বাছাই করার নিমিত্ত 'বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির সুপারিশ প্রণয়নের জন্য চূড়ান্ত বাছাই কমিটি' নিম্নরূপভাবে নির্দেশক্রমে গঠন করা হলো:

বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির সুপারিশ প্রণয়নের জন্য চূড়ান্ত বাছাই কমিটি :

| ক্র. নং | মন্ত্রণালয়/বিভাগ | |
|---|---|---|
| ১ | সদস্য, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সভাপতি |
| ২ | সদস্য, সকল সেক্টর/বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৩ | প্রধান, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

- "আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি' কর্তৃক সুপারিশকৃত খসড়া নতুন প্রকল্পের তালিকা চূড়ান্তভাবে বাছাইপূর্বক পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণের জন্য সুপারিশ প্রণয়ন;
- সরকার কর্তৃক গৃহীত ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), পঞ্চবার্ষিক পরিকল্পনা, সেক্টর কৌশলপত্র ইত্যাদির সাথে প্রস্তাবিত প্রকল্পের সংযোগ/ সামঞ্জস্যতা নির্ধারণ;
- মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় মন্ত্রণালয়/ বিভাগের উন্নয়ন বাজেটের প্রাক্কলন/প্রক্ষেপন বিবেচনায় প্রস্তাবিত প্রকল্পের অর্থায়নের সম্ভাব্যতা বা অর্থায়ন পরিকল্পনা (Financing Plan) পরীক্ষা করা;
- মন্ত্রণালয়/বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থার কর্মপরিধির সাথে প্রস্তাবিত প্রকল্পের সামঞ্জস্যতা নির্ধারন করা;
- প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থার প্রশাসনিক ও কারিগরি সক্ষমতা বিবেচনা করা;
- বিবিধ।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**তানজিনা শাহরীন**
সিনিয়র সহকারী প্রধান।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**অপরিমেয় ঐতিহ্য শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩০/২৭ ফেব্রুয়ারি ২০২৪

নং **৪৩.০০.০০০০.১৩০.০৬.৩৬৫.১৭.২৮**—কপিরাইট আইন, ২০০৩ এর ধারা-১১ (২) এবং কপিরাইট বিধিমালা ২০০৬ এর বিধি-২৯ (১) অনুযায়ী নিম্নরূপভাবে ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ

থেকে ০৫ (পাঁচ) বৎসর মেয়াদের জন্য কপিরাইট বোর্ড পুর্নগঠন করা হলো :

| | |
|---|---|
| চেয়ারম্যান | |
| ১. | জনাব মোঃ ইমরুল চৌধুরী<br>অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সদস্যবৃন্দ | |
| ২. | যুগ্মসচিব, (সাংস্কৃতি ঐহিত্য-২)<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ৩. | পরিচালক<br>আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর |
| ৪. | জনাব জাফর রাজা চৌধুরী<br>প্রাক্তন রেজিষ্ট্রি, বাংলাদেশ কপিরাইট অফিস |
| সদস্যবৃন্দ | |
| ৫. | প্রতিনিধি<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| ৬. | সভাপতি<br>বাংলাদেশ রাইটার্স ক্লাব, ঢাকা |
| সদস্য-সচিব | |
| ৭. | রেজিস্ট্রার<br>বাংলাদেশ কপিরাইট অফ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাজমা বেগম**
সিনিয়র সহকারী সচিব।

## কৃষি মন্ত্রণালয়
## সম্প্রসারণ-২ অধিশাখা

### বিজ্ঞপ্তি

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০/০২ এপ্রিল ২০২৪

নং **১২.০০.০০০০.০৫৩.১২.০০৯.২৩-২০**—"নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১" অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তরের অধীনে আঞ্চলিক ব্যবস্থাপক, সহকারী পরিচালক, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ও পুষ্টি উন্নয়ন কর্মকর্তা পদে কর্মরত কর্মকর্তাদের জ্যেষ্ঠতা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

| জ্যেষ্ঠতার ক্রম | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | সরকারি চাকরিতে ফিডার পদে যোগদানের পদ (তারিখ) | রাজস্বখাতে স্থানান্তরিত পদ (তারিখ) | চাকরিতে নিয়মিতকরণের পদ (তারিখ) | নিয়োগপত্র ইস্যুর তারিখ ও স্মারক নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ হেলাল উদ্দিন জন্ম তারিখ: ০১.০৯.১৯৬৮ | আঞ্চলিক প্রকল্প ব্যবস্থাপক (১৪.০৮.২০০০) | আঞ্চলিক ব্যবস্থাপক (০১,০৭,২০০৪) | আঞ্চলিক ব্যবস্থাপক (২২,০৯,২০১১) | তারিখ: ২৭/০৭/২০০০ স্মারক নং কৃষি-২/ শগঋপ-২/৯৮/৩২৫ | যোগদান ৬ষ্ঠ গ্রেডে; রাজস্বখাতে স্থানান্তরিত ৭ম গ্রেডে |
| ২. | জনাব নিখিল চন্দ্র দে জন্ম তারিখ: ০৩.০৭.১৯৬৮ | সহকারী পরিচালক (পূর্বের পদ গবেষণা কর্মকর্তা) (১৪.০৮.১৯৯৬) | সহকারী পরিচালক (পূর্বের পদ গবেষণা কর্মকর্তা) (০১.০৭.২০০৪) | সহকারী পরিচালক (পূর্বের পদ গবেষণা কর্মকর্তা) (২৮.১০.২০০৯) | তারিখ: ১৩/০৮/১৯৯৬ স্মারক নং কৃঃ/১৫/সিডিপি ৪/৯৫ (অংশ)/১৪৮ | যোগদান ও রাজস্ব খাতে স্থানান্তরিত ৯ম গ্রেডে |
| ৩. | জনাব তৌহিদ মোঃ রাশেদ খান জন্ম তারিখ: ০১.০১.১৯৬৯ | সহকারী পরিচালক (১৮.০৮.১৯৯৬) | সহকারী পরিচালক (০১.০৭.২০০৪) | সহকারী পরিচালক (২৮.১০.২০০৯) | তারিখ: ১৩/০৮/১৯৯৬ স্মারক নং-কৃঃ/ ১৫/সিডিপি- ৪/৯৫(অংশ)/১৪৮ | যোগদান ও রাজস্ব খাতে স্থানান্তরিত ৯ম গ্রেডে |
| ৪. | জনাব এস.এম. মাহবুব আলম জন্ম তারিখ: ২০.০২.১৯৬৮ | সহকারী পরিচালক (০৭.১২.১৯৯৬) | সহকারী পরিচালক (০১.০৭.২০০৪) | সহকারী পরিচালক (২৮.১০.২০০৯) | তারিখ: ২৮/১১/৯৬ স্মারক নং-কৃঃ/১৫/ সিডিপি- ৪/৯৫/২৬৭(২৮) | যোগদান ও রাজস্ব খাতে স্থানান্তরিত ৯ম গ্রেডে |
| ৫. | বেগম শাহনাজ পারভীন জন্ম তারিখ: ০১.১০.১৯৭০ | সহকারী পরিচালক (০৭.১২.১৯৯৬) | সহকারী পরিচালক (০১.০৭.২০০৪) | সহকারী পরিচালক (২৮.১০.২০০৯) | তারিখ: ২৮/১১/৯৬ স্মারক নং-কৃঃ/ ১৫/ সিডিপি- ৪/৯৫/২৬৭(২৮) | যোগদান ও রাজস্ব খাতে স্থানান্তরিত ৯ম গ্রেডে |
| ৬. | জনাব মীর এনামুল ইসলাম জন্ম তারিখ: ০৬.০৮.১৯৬৫ | সহকারী পরিচালক (০৪.১২.১৯৯৬) | সহকারী পরিচালক (০১.০৭.২০০৪) | সহকারী পরিচালক (২৮.১০.২০০৯) | তারিখ: ২৮/১১/৯৬ স্মারক নং-কৃঃ/১৫/ সিডিপি- ৪/৯৫/২৬৭(২৮) | যোগদান ও রাজস্ব খাতে স্থানান্তরিত ৯ম গ্রেডে |
| ৭. | ড. নাসরিন সুলতানা জন্ম তারিখ: ২০.০৪.১৯৬৯ | সহকারী পরিচালক (০৫.১২.১৯৯৬) | সহকারী পরিচালক (০১.০৭.২০০৪) | সহকারী পরিচালক (২৮.১০.২০০৯) | তারিখ: ২৮/১১/৯৬ স্মারক নং-কৃঃ/ ১৫/ সিডিপি- ৪/৯৫/২৬৭(২৮) | যোগদান ও রাজস্ব খাতে স্থানান্তরিত ৯ম গ্রেডে |

| জ্যেষ্ঠতার ক্রম | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | সরকারি চাকরিতে ফিডার পদে যোগদানের পদ (তারিখ) | রাজস্বখাতে স্থানান্তরিত পদ (তারিখ) | চাকরিতে নিয়মিতকরণের পদ (তারিখ) | নিয়োগপত্র ইস্যুর তারিখ ও স্মারক নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৮. | জনাব মোঃ শাহীদুল ইসলাম জন্ম তারিখ: ২৫.৪.১৯৬৮ | উর্ধ্বতন সহকারী পরিচালক (২৫.০৪.২০০১) | সহকারী পরিচালক (০১.০৭.২০০৪) | সহকারী পরিচালক (২২.০৯.২০১১) | তারিখ: ১২/০৪/২০০১ স্মারক নং-কৃষি-২/ শগঋপ-২/৯৮/১৩৫ | যোগদান ও রাজস্ব খাতে স্থানান্তরিত ৯ম গ্রেডে |
| ৯. | বেগম সুলতানান নাসিরা জন্ম তারিখ: ২০.০৭.১৯৭০ | সহকারী পরিচালক (২৫.০৪. ২০০১) | সহকারী পরিচালক (০১.০৭.২০০৪) | সহকারী পরিচালক (২২.০৯.২০১১) | তারিখ: ১২/০৪/২০০১ স্মারক নং-কৃষি-২/ শগঋপ-২/৯৮/১৩৫ | যোগদান ও রাজস্ব খাতে স্থানান্তরিত ৯ম গ্রেডে |
| ১০. | বেগম মোসাঃ ইশরাত জাহান জন্ম তারিখ: ০২.০৮.১৯৭৪ | সহকারী পরিচালক (২৫.০৪. ২০০১) | সহকারী পরিচালক (০১.০৭.২০০৪) | সহকারী পরিচালক (২২.০৯.২০১১) | তারিখঃ ১২/০৪/২০০১ স্মারক নং-কৃষি-২/ শগঋপ-২/৯৮/১৩৫ | যোগদান ও রাজস্ব খাতে স্থানান্তরিত ৯ম গ্রেডে |
| ১১. | জনাব আলী কবির জন্ম তারিখ: ১০.১০.১৯৯০ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (০১.০১. ২০২০) | - | - | তারিখ: ১৮/১২/২০১৯ স্মারক নং- ১২.০০.০০০০. ০৫৩.১১.০০১.১৬.৫৪২ | রাজস্বখাতে নিয়মিত যোগদান |
| ১২. | জনাব মোহাম্মদ আবদুল কাদের জন্ম তারিখ: ১৫.১২.১৯৯০ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (০১.০১. ২০২০) | - | - | তারিখ: ১৮/১২/২০১৯ স্মারক নং- ১২.০০.০০০০. ০৫৩.১১.০০১.১৬.৫৪২ | রাজস্বখাতে নিয়মিত যোগদান |
| ১৩. | জনাব কিশোর কুমার সাহা জন্ম তারিখ: ০১.১০.১৯৮৮ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (০১.০১. ২০২০) | - | - | তারিখ: ১৮/১২/২০১৯ স্মারক নং- ১২.০০.০০০০. ০৫৩.১১.০০১.১৬.৫৪২ | রাজস্বখাতে নিয়মিত যোগদান |
| ১৪. | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন জন্ম তারিখ: ০৬.০৮.১৯৯০ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (০১.০১. ২০২০) | - | - | তারিখ: ১৮/১২/২০১৯ স্মারক নং- ১২.০০.০০০০. ০৫৩.১১.০০১.১৬.৫৪২ | রাজস্বখাতে নিয়মিত যোগদান |
| ১৫. | জনাব মোঃ সানোয়ার হোসেন জন্ম তারিখ: ১০.০৪.১৯৯২ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (০১.০১. ২০২০) | - | - | তারিখ: ১৮/১২/২০১৯ স্মারক নং- ১২.০০.০০০০. ০৫৩.১১.০০১.১৬.৫৪২ | রাজস্বখাতে নিয়মিত যোগদান |
| ১৬. | জনাব আফরিন হোসেন জন্ম তারিখ: ২৭.১০.১৯৯০ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (০১.০১. ২০২০) | - | - | তারিখ: ১৮/১২/২০১৯ স্মারক নং- ১২.০০.০০০০. ০৫৩.১১.০০১.১৬.৫৪২ | রাজস্বখাতে নিয়মিত যোগদান |
| ১৭. | জনাব মোঃ রুহুল কুদ্দুস জন্ম তারিখ: ০৩.০২.১৯৬৯ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (০৯.০২. ২০২২) | মাঠ কর্মকর্তা (০১.০৭.২০০৪) | মাঠ কর্মকর্তা (২৫.০১.২০১১) | তারিখ: ০৮/০২/২০২২ স্মারক নং- ১২.০০.০০০০. ০৫৩.১২.০০৪.২১.৭০ | যোগদান ও রাজস্বখাতে স্থানান্তরিত মাঠ কর্মকর্তা (১১ তম গ্রেড) এবং সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ৯ম গ্রেডে পদোন্নতি প্রাপ্ত |
| ১৮. | জনাব মোঃ নুর হাসান জন্ম তারিখ: ১৫.০৯.১৯৬৫ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (০৯.০২. ২০২২) | মাঠ কর্মকর্তা (০১.০৭.২০০৪) | মাঠ কর্মকর্তা (২৫.০১.২০১১) | তারিখ: ০৮/০২/২০২২ স্মারক নং- ১২.০০.০০০০. ০৫৩.১২.০০৪.২১.৭০ | যোগদান ও রাজস্বখাতে স্থানান্তরিত মাঠ কর্মকর্তা (১১তম গ্রেড) এবং সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ৯ম গ্রেডে পদোন্নতি প্রাপ্ত |

| জ্যেষ্ঠতার ক্রম | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | সরকারি চাকরিতে ফিডার পদে যোগদানের পদ (তারিখ) | রাজস্বখাতে স্থানান্তরিত পদ (তারিখ) | চাকরিতে নিয়মিতকরণের পদ (তারিখ) | নিয়োগপত্র ইস্যুর তারিখ ও স্মারক নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৯. | প্রণব কুমার সাহা<br>জন্ম তারিখ: ১৪.৮.১৯৯১ | পুষ্টি উন্নয়ন কর্মকর্তা (০১.০৯.২০২২) | - | - | তারিখ: ১৪/০৮/২০২২ স্মারক নং- ১২.০০.০০০০. ০৫৩.১১.০০১.১৬.৩৪১ | রাজস্বখাতে নিয়মিত যোগদান |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**রোকসানা আক্তার**
উপসচিব।

---

**সম্প্রসারণ-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/০২ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **১২.০০.০০০০.০৫৫.২৭.০২৯.২২-৯৪**—যেহেতু বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ড. মোঃ সাইফুল ইসলাম (পরিচিতি নং ১৫৯৭), অতিরিক্ত পরিচালক, (এলআর) (সাময়িকভাবে বরখাস্তকৃত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা [(প্রাক্তন প্রকল্প পরিচালক, কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্প) (১ম সংশোধিত) প্রকল্প]-এ কর্মকালীন ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থ বছরের ক্রয়কৃত মালামাল ও সেবাসমূহ হস্তান্তর না করে ২,৬০,৩৪,১৬৯/-(দুই কোটি ষাট লক্ষ চৌত্রিশ হাজার একশত উনসত্তর) টাকা উত্তোলন করে আত্মসাতের মাধ্যমে সরকারের আর্থিক ক্ষতি করার অভিযোগে ড. মো: সাইফুল ইসলাম (পরিচিতি নং-১৫৯৭)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগ এনে কৃষি মন্ত্রণালয়ের ১৮.০৯.২০২২ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০৫৫. ২৭.০২৯.২২-২৭৭ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা (মামলা নং-০২/২০২২) রুজুকরতঃ অভিযোগবিবরণী ও অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) জারি করা হয়;

০২। যেহেতু অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক ১ম কারণ দর্শানো নোটিশের জবাবের প্রেক্ষিতে ১৮.১২.২০২২ খ্রি. তারিখ সচিব, কৃষি মন্ত্রণালয় কর্তৃক অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত অভিযোগটি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য কৃষি মন্ত্রণালয়ের ২০.১২.২০২২ খ্রি. তারিখের ১২.০০. ০০০০.০৫৫.২৭.০২৯.২২-৩৯৫ সংখ্যক অফিস আদেশমূলে জনাব মোহাম্মদ এনামুল হক, যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগ সন্দেহাতীতভাবে (Beyond of all reasonable doubt) প্রমাণিত হয়;

০৪। যেহেতু তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগ প্রমাণিত হওয়ায় কৃষি মন্ত্রণালয়ের ১৭.০৫.২০২৩ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০৫৫. ২৭.০২৯.২২-২২৭ সংখ্যক পত্র মারফত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী কেন তাঁকে "চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from Service)" গুরুদণ্ড প্রদান করা হবে না মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৫। যেহেতু ২য় কারণ দর্শানো নোটিশের জবাবও সন্তোষজনক না হওয়ায় তাঁকে ''চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from Service)" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) অনুযায়ী কৃষি মন্ত্রণালয়ের ০৫.০৭.২০২৩ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০৫৫.২৭.০২৯.২২.২৯৭ সংখ্যক পত্র মারফত উক্ত গুরুদণ্ড আরোপের বিষয়ে মতামত প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ করা হয়;

০৬। যেহেতু বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, এর ০৩.০৯.২০২৩ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.১০৮.৩৪.০২১.২৩-৩-৩৮২ সংখ্যক পত্র মারফত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ড. মোঃ সাইফুল ইসলাম (পরিচিতি নং-১৫৯৭)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী "চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from Service)" গুরুদণ্ড প্রদানের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

০৭। যেহেতু বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়-এর পরামর্শ, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে অপরাধের গুরুত্ব বিবেচনা করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ড. মোঃ সাইফুল ইসলাম (পরিচিতি নং-১৫৯৭)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী "চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from Service)" গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং মহামান্য রাষ্ট্রপতি নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে ড. মোঃ সাইফুল ইসলাম (পরিচিতি নং-১৫৯৭)-কে "চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from Service)" গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেছেন;

০৮। সেহেতু বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ড. মোঃ সাইফুল ইসলাম (পরিচিতি নং-১৫৯৭), অতিরিক্ত পরিচালক, (এলআর) (সাময়িকভাবে বরখাস্তকৃত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা [প্রাক্তন প্রকল্প পরিচালক, কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্প) (১ম সংশোধিত) প্রকল্প]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে দোষী সাব্যস্ত করে এ আদেশ জারির তারিখ হতে একই

বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী "চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from Service)" গুরুদণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা আক্তার**
সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**মবিঅ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৬ এপ্রিল ২০২৪ খ্রি.

নং **৩২.০০.০০০০.০২৯.০৬.০৭৩.১৯.৭৯**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নোক্তভাবে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর মূল কমিটি নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

সভাপতি

০১। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সহ-সভাপতি

০২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদস্যবৃন্দ

০৩। জনাব শামসুন নাহার, সাবেক মাননীয় সংসদ সদস্য, গ্রাম: নোয়াগাঁও, পো: মুন্নুনগর, থানা: টঙ্গী, জেলা: গাজীপুর।

০৪। জনাব জাকিয়া পারভীন খানম, সাবেক মাননীয় সংসদ সদস্য, ৬ নং ন্যাম ভবন, ফ্ল্যাট নম্বর: ৫০৪, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।

০৫। জনাব আসমা জেরিন, ঝুমু, সাবেক মাননীয় সংসদ সদস্য, ৪ নম্বর শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরণী, বড় মগবাজার, সরদার বাড়ি, ঢাকা।

০৬। জনাব বাসন্তী চাকমা, সাবেক মাননীয় সংসদ সদস্য, গ্রাম: মহাজনপাড়া, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি।

০৭। জনাব মনিরা সুলতানা, সাবেক মাননীয় সংসদ সদস্য, মহিলা আসন-৩২৬, ঈশান চক্রবর্তী রোড, গোলপুকুরপাড়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

০৮। জনাব খ. মমতা হেনা লাভলী, সাবেক মাননীয় সংসদ সদস্য, ভবন নম্বর: ২/২, ব্লক: বি, লোটাস এপার্টমেন্ট, লালমাটিয়া, ঢাকা-১২০৭।

০৯। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।

১০। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১১। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, কনকর্ড রয়্যাল কোর্ট, ২৭৫ জি, ধানমন্ডি, ঢাকা।

১২। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্তর সড়ক, শাহবাগ, ঢাকা।

১৩। অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ১ পার্ক এভিনিউ, মৎস্য ভবন, ঢাকা।

১৫। মহাপরিচালক, পরিবার-পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা।

১৬। মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৭। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), ঢাকা।

১৮। পরিচালক, সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, ৫৩, মহাখালী বা/এ (৫ম তলা), ঢাকা-১২১২।

২০। উপসচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদস্য সচিব

২১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

**কমিটির কার্যপরিধি:**

(১) নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;

(২) অনুদান খাতে প্রাপ্ত তহবিলের খরচ অনুমোদন;

(৩) পরিষদ বৎসর অন্তত: ২(দুই) বার সভায় মিলিত হইবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩২.০০.০০০০.০২৯.০৬.০৭৩.১৯.৮০**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহের মধ্যে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নোক্তভাবে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর উপ-কমিটি নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

সমন্বয়ক

০১। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।

সদস্যবৃন্দ

০২। জনাব শামসুন নাহার, সাবেক মাননীয় সংসদ সদস্য, গ্রাম: নোয়াগাঁও, পো: মুন্নুনগর, থানা: টঙ্গী, জেলা: গাজীপুর।

০৩। জনাব জাকিয়া পারভীন খানম, সাবেক মাননীয় সংসদ সদস্য, ৬ নং ন্যাম ভবন, ফ্ল্যাট নম্বর: ৫০৪, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।

০৪। জনাব আসমা জেরিন ঝুমু, সাবেক মাননীয় সংসদ সদস্য, ৪ নম্বর শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরনী, বড় মগবাজার, সরদার বাড়ি, ঢাকা।

০৫। জনাব বাসন্তী চাকমা, সাবেক মাননীয় সংসদ সদস্য, গ্রাম: মহাজনপাড়া, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি।

০৬। জনাব মনিরা সুলতানা, সাবেক মাননীয় সংসদ সদস্য, মহিলা আসন-৩২৬, ঈশান চক্রবর্তী রোড, গোলপুকুরপাড়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

০৭। জনাব খ. মমতা হেনা লাভলী, সাবেক মাননীয় সংসদ সদস্য, ভবন নম্বর: ২/২, ব্লক: বি, লোটাস এপার্টমেন্ট, লালমাটিয়া, ঢাকা-১২০৭।

০৮। মহাপরিচালক/প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো, ১ পার্ক এভিনিউ, মৎস্য ভবন, ঢাকা।

০৯। মহাপরিচালক/প্রতিনিধি, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১০। উপসচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদস্য-সচিব

১১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

**কমিটির কার্যপরিধি:**

(১) সাধারণ ও বিশেষ অনুদানের জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইকরণ।

(২) যাচাই-বাছাই অন্তে অনুদান প্রাপ্তির যোগ্য সমিতির তালিকা বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর মূল কমিটিতে সুপারিশসহ প্রেরণ।

(৩) উপ-কমিটি বছরে অন্তত: ৫টি সভায় মিলিত হবে।

(৪) উক্ত কমিটি প্রয়োজনে যে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুনিয়া চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/০২ মে ২০২৪ খ্রি.

নং **৩৭.০০.০০০০.০৯৫.২৭.১১.২০১৩.২৮৫**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব এম রাজু আহমেদ, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), বিয়ানীবাজার সরকারি কলেজ, সিলেট-কে গত ২৮-০৮-২০১২ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশ তাঁর বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে তিনি অদ্যাবধি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। উল্লেখ্য, ২৭-০৮-২০১৭ তারিখে তাঁর অনুপস্থিতকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

যেহেতু, জনাব এম রাজু আহমেদ, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), বিয়ানীবাজার সরকারি কলেজ, সিলেট গত ২৮-০৮-২০১২ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং তাঁর অনুপস্থিতির কাল ০৫ (পাঁচ) বছর উর্ত্তীর্ণ হওয়ায় বি.এস.আর.পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী তাঁর চাকরি ২৮-০৮-২০১২ তারিখ হতে অবসান (Ceases to be in Government employ) হয়েছে মর্মে ভূতাপেক্ষভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্তের সাথে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব এম রাজু আহমেদ, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), বিয়ানীবাজার সরকারি কলেজ, সিলেট-কে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ২৮-০৮-২০১২ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসান (Ceases to be in Government employ) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সোলেমান খান**
সচিব।

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১/১৫ এপ্রিল ২০২৪

নং **৫৪.০০.০০০০.০২৩.২৭.০০৬.২৩-২০**—যেহেতু, ডাঃ চিন্ময় বিশ্বাস, সহকারী সার্জন, পাহাড়তলী, চট্টগ্রাম (বিভাগীয় চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম এর অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ রেলওয়েতে কর্মরত থাকা অবস্থায় তার আবেদনের প্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন-৫ শাখার ১৪-১২-২০২১ তারিখের ৫৪.০০.০০০০.০৪০.২৫.০৫১.২১-৩০৬ নং স্মারকের মাধ্যমে তার অনুকূলে ১৫-১২-২০২১ হতে ০৭-০২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ৫৫ (পঞ্চান্ন) দিন বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। নির্ধারিত ছুটির মেয়াদ শেষে তিনি গত ০৮-০২-২০২২ হতে ২৯-০৪-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বিদেশে অতিবাস করেছেন; এবং

যেহেতু, মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে হতে ২৫.০৫.২০২২ তারিখে ৫৪.০১.১৫০০.১১৪.৫৫.০০২.২২-০১ নং পত্রের মাধ্যমে তাকে কৈফিয়ত তলব করা হয়। উক্ত কৈফিয়ত তলবের প্রেক্ষিতে তার দাখিলকৃত জবাব সন্তোষজনক হয়নি; এবং

যেহেতু, দাপ্তরিক আদেশ পরিপালন না করে অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০(ষাট) দিন বা তদূর্ধ্ব সময় পুনঃঅনুমতি গ্রহণ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থেকে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের আদেশ অমান্য করেছেন। তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর৩(গ) বিধি অনুযায়ী পলায়নের (Desertion) পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

যেহেতু, তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) বিধি অনুযায়ী পলায়নের অভিযোগে অভিযুক্ত করা হয় এবং একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক কেন 'চাকুরী হইতে বরখাস্তকরণ' কিংবা অন্য কোনো উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য স্মারক নং ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০৬.২৩-২৭, তারিখঃ ২২.০৮.২০২৩ খ্রি. মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তার দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় সরকারি ডাকযোগে প্রেরণ করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানতে চাওয়া হয়; এবং

যেহেতু, ডাক বিভাগ হতে তার দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় পত্র ২(দুই) টি যথাক্রমে "প্রাপক দেশের বাইরে চলে যাওয়ায় ফেরত" এবং অপরটি "প্রাপককে খুঁজিয়া না পাওয়ায় ফেরত" মর্মে মন্তব্যসহ ফেরত আসে। ফলে ন্যায়বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে অনুমোদিত সময়ের অতিরিক্ত ০৮ ফেব্রুয়ারি ২০২২ হতে ২৯ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত মোট ৮০ (আশি) দিন অনুমতি ছাড়াই বিদেশে অবস্থান করে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) বিধি অনুযায়ী পলায়নের (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এই অভিযোগে দোষী সাব্যস্ত করে তার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি (৩)(ঘ) অনুযায়ী "চাকরী হইতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপের বিষয়ে কমিশন পরামর্শ প্রদান করেছে মর্মে পাবলিক সার্ভিস কমিশন হতে মতামত প্রদান করা হয়;

সেহেতু, ডাঃ চিন্ময় বিশ্বাস, সহকারী সার্জন, পাহাড়তলী, চট্টগ্রাম (বিভাগীয় চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম এর অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ রেলওয়ে এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) বিধি অনুযায়ী "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৮.০২.২০২২ খ্রি. হতে তাকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

**ড. মোঃ হুমায়ুন কবীর**
সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**শোক বার্তা**

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১/২৩ এপ্রিল ২০২৪

নং **৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৪.১৩.২৫৮**—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের জয়পুরহাট জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের সিনিয়র সহকারী পরিচালক জনাব দিপক কুমার হলদার গত ০৪/০৩/২০২৪ তারিখ সোমাবার সকাল ৯.৫০ টায় ঢাকাস্থ Center for Kidney Dieases (CKD) & Urology Hospital-এ চিকিৎসারত অবস্থায় মৃত্যুবরণ করেন।

০২। জনাব দিপক কুমার হলদার পাবনা জেলার এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে ০৯/০১/১৯৭৬ তারিখে জন্ম গ্রহণ করেন। তিনি ২৫ তম বিসিএস পরীক্ষার মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে ২১/০৮/২০০৬ তারিখে উপজেলা মৎস্য কর্মকর্তা পদে চাকরিতে প্রথম যোগদান করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন দপ্তরে অত্যন্ত নিষ্ঠার সাথে সরকারি দায়িত্ব পালন করেন।

০৩। জনাব দিপক কুমার হলদার তাঁর চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০২ (দুই) কন্যা, আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব দিপক কুমার হলদার এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার শান্তি কামনা করছে এবং তার পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**মোহাং সেলিম উদ্দিন**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ এপ্রিল ২০২৪

নং **৪৫.০০.০০০০.১২২.০২৭.০৭৯.২২.১৫৫**—যেহেতু ডা. অভিষেক ভট্টাচার্য (১১৩৭৬৬), সহকারী রেজিস্ট্রার (সার্জিক্যাল অনকোলজি), জাতীয় ক্যান্সার গবেষণা ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা ০১.০২.২০২০ হতে ৩০.০১.২০২২ খ্রি. সময়ের জন্য দুই বছরের শিক্ষা ছুটিতে অস্ট্রেলিয়া গমনের পর ছুটির মেয়াদ শেষে যথাসময়ে দেশে ফিরে চাকরিতে যোগদান করেননি এবং ৩১.০১.২০২২ খ্রি. থেকে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু উক্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা. ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের দায়ে স্বাস্থ্য সেবা বিভাগের ২৩.১১.২০২২ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২. ০২৭.০৭৯.২২-৫৭৫ নং স্মারকমূলে বিভাগীয় মামলা (নং ২৩/ ২০২২) রুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা ইমেইলযোগে কারণ দর্শানো নোটিশের জবাব প্রেরণ করেন এবং ব্যক্তিগত শুনানি চান না মর্মে জানান;

যেহেতু তিনি অস্ট্রেলিয়া থেকে দেশে ফিরে বিভাগীয় মামলা মোকাবেলা করা সম্ভব নয় মর্মে উল্লেখ করে চাকরি অব্যাহত রাখতে অনাগ্রহ প্রকাশ করেন;

যেহেতু এ পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য পূর্বোক্ত বিধিমালার ৭(২)(ঘ) নং বিধি অনুসারে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে গুরুদণ্ডস্বরূপ চাকরি হতে অপসারণের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং কেন উক্ত দণ্ড তার উপর আরোপ করা হবে না, তা জানানোর নির্দেশ দিয়ে বিধিমালার ৭(৯) বিধি অনুসারে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু ডা. অভিষেক ভট্টাচার্য ইমেইলযোগে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু উক্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় উল্লিখিত বিধিমালার ৪(৩)(গ) বিধি অনুযায়ী গুরুদণ্ডস্বরূপ তাকে চাকরি হতে অপসারণের পূর্ববর্তী সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং এ সিদ্ধান্ত কার্যকর করার লক্ষ্যে বিধিমালার ৭(১০) নং বিধির আলোকে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত চাওয়া হলে কমিশন স্বাস্থ্য সেবা বিভাগের সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করেন;

যেহেতু উক্ত কর্মকর্তাকে চাকরি হতে অপসারণ করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতির নিকট মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে পেশ করা হলে মহামান্য রাষ্ট্রপতি উক্ত প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেন;

সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক ডা. অভিষেক ভট্টাচার্যকে তার অনুপস্থিতি শুরুর তারিখ ৩১.০১.২০২২ খ্রি. থেকে চাকরি হতে অপসারণ করা হলো। উক্ত তারিখের পর থেকে তিনি কোনোরূপ আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। ৩১.০১.২০২২ খ্রি. এর পরবর্তী সময়ে তার কোনো বেতনভাতা ইতোমধ্যে উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ ওয়াহিদুজ্জামান** এনডিসি
সচিব(রুটিন দায়িত্ব)।

---

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩১/১৭ এপ্রিল ২০২৪

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৩৪.২৩-৪৬**—যেহেতু, জনাব মোঃ নাজমুল ইসলাম (১০৯০৯০১৭), উপজেলা নির্বাচন অফিসার পূর্বধলা, নেত্রকোণা (প্রাক্তন কার্যালয়: টাঙ্গাইল সদর) এর বিরুদ্ধে তার ইউজার আইডি (Nazmul–Islam) হতে বিধি বহির্ভূতভাবে জাতীয় পরিচয়পত্র নম্বর-৩৭৩৯৯৯২৩৪৯ এ ১৪ বছরের ব্যবধানে জন্ম তারিখ পরিবর্তন করার অভিযোগ উত্থাপিত হয়;

যেহেতু, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ পরিচালিত কারিগরি তদন্তে এখতিয়ার বহির্ভূত সংশোধনের জন্য তাকে দায়ী করা হয়;

যেহেতু, সংশোধন কার্যে ব্যবহার্য OTP তিনি ডাটা এন্ট্রি অপারেটরকে সরবরাহ করেছেন মর্মে প্রশাসনিক তদন্তে প্রমাণিত;

যেহেতু, তার এহেন কার্যকলাপ শৃঙ্খলার পরিপন্থি হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১৩/২০২৩ রুজু করা হয়;

যেহেতু, অভিযোগনামায় তাকে কারণ দর্শানো হলে তিনি লিখিত জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন;

যেহেতু, ১০-১২-২০২৩ তারিখের ব্যক্তিগত শুনানিতে তিনি অবৈধ সংশোধনের অভিযোগ অস্বীকার করলেও ডাটা এন্ট্রি অপারেটরের সাথে OTP শেয়ার করেছেন মর্মে স্বীকার করেছেন;

যেহেতু, তিনি শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলটি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তিনি ডাটা এন্ট্রি অপারেটর এর সাথে OTP শেয়ার করেছেন এবং উক্ত OTP প্রাপ্ত হয়ে ডাটা এন্ট্রি অপারেটর অবৈধ সংশোধন কার্য সম্পাদন করেছেন মর্মে বিভাগীয় মামলার তদন্তে প্রমাণিত;

যেহেতু, নথি ও তদসংশ্লিষ্ট কাগজপত্র, কারিগরি, প্রশাসনিক ও বিভাগীয় তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকতার বক্তব্যসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ নাজমুল ইসলাম (১০৯০৯০১৭), উপজেলা নির্বাচন অফিসার, পূর্বধলা, নেত্রকোণা (প্রাক্তন কার্যালয়: টাঙ্গাইল সদর) এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক তাকে" বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ড প্রদান করা হলো। তার বর্তমান বেতন গ্রেড-৬ এবং মূল বেতন ৪৭,৬০০/-টাকা। তার বেতন গ্রেডের (৩৫৫০০-৬৭০১০/-) নিম্নতম ধাপ ৩৫,৫০০/-টাকা তার বর্তমান মূল বেতন ৪৭৬০০/-হতে ৩৫৫০০/-টাকায় নির্ধারণ করা হলো। এ দন্ড পরবর্তী ০৩(তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে। তিনি এর কোনো বকেয়া প্রাপ্য হবেন না। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-১৩/২০২৩ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ পরিকল্পনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১/১৮ এপ্রিল ২০২৪

নং **৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৮-৪৫**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন-এর সংঘবিধি 8.3 (ii) অনুচ্ছেদ-এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ আজিমুদ্দিন বিশ্বাস এনডিসি, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে বাংলাদেশ এনজিও ফাউন্ডিশনের Governing Board-এ তাঁর নিয়োগের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য সরকার মনোনীত সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সীমা দত্ত**
সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/০৯ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.০০.০০০০.১৮১.২৭.০০২.২২(বি.মা).১৯২**—যেহেতু, জনাব বীর আমির হামজা (পরিচিত নং ১৭৮৮১), প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), বগুড়া সদর, বগুড়া এবং বর্তমান সহকারী

পরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বিগত ২৭-১১-২০১৯ হতে ০৮-০৬-২০২১ তারিখ পর্যন্ত সহকারী কমিশনার (ভূমি), বগুড়া সদর, বগুড়া হিসাবে কর্মকালে তার বিরুদ্ধে জনাব নূর মোহাম্মদ ভূঁইয়া, কানুনগো (পিআরএল ভোগরত), উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর ২৫-০১-২০২১ তারিখে অবসরে যাওয়ার পরও উক্ত তারিখ হতে ০১-০৪-২০২১ তারিখ পর্যন্ত তার ই-মিউটেশন আইডি সক্রিয় রেখে এবং উক্ত আইডি ব্যবহার করে নিয়ম বহির্ভূতভাবে ০৭ (সাত) টি নামজারি মামলা অনুমোদনপূর্বক সৃষ্ট নামজারি খতিয়ানে জনাব নূর মোহাম্মদ ভূঁইয়া-এর স্বাক্ষর ব্যবহার করার অপরাধে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণতা" এর অভিযোগে গত ০৮-০৫-২০২২ তারিখে ০৫.০০.০০০০.১৮১.২৭.০০২.২২.১৫৩ নং পত্রের মাধ্যমে বিভাগীয় মামলা রুজুপূর্বক কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তা জানতে চাওয়া হয়; এবং

২। যেহেতু, জনাব বীর আমির হামজা (পরিচিতি নং-১৭৮৮১) নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে কোনো লিখিত বক্তব্য দাখিল না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৩) বিধি অনুযায়ী উক্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৬-০৭-২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন কিন্তু উক্ত প্রতিবেদনে বিভাগীয় মামলাটি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ও সুনির্দিষ্ট কিছু বিষয় তদন্তে উদ্ঘাটিত হয়নি বিধায় অভিযোগটি যথাযথভাবে তদন্ত করে এবং সঠিকভাবে পর্যালোচনা করে জরুরি ভিত্তিতে পুনঃতদন্ত প্রতিবেদন দাখিলের জন্য তদন্ত কর্মকর্তাকে আদেশ দেওয়া হয়; এবং

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ১৮-০২-২০২৪ তারিখে পুনঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং জনাব বীর আমির হামজা (পরিচিতি নং -১৭৮৮১) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এ ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

৫। সেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন ও নথির অন্যান্য কাগজপত্র এবং প্রাসঙ্গিক বিষয় পর্যরোচনায় জনাব বীর আমির হামজা (পরিচিত নং -১৭৮৮১), প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), বগুড়া সদর, বগুড়া এবং বর্তমান সহকারী পরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো। অভিযোগের প্রকৃতি, গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একউ বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী জনাব বীর আমির হামজা (পরিচিতি নং-১৭৮৮১)-কে আগামী ০১(এক) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' অর্থাৎ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৯: ২২০০০-৫৩০৬০/-টাকা বেতন স্কেলের নিম্নধাপ ২২০০০/-টাকা মূল বেতনে অবনমিতকরণ সূচক 'লঘুদণ্ড' প্রদান করা হলো; তবে দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ২২০০০-৫৩০৬০/- টাকা বেতন স্কেলে (গ্রেড-৯) বর্তমান প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন; তিনি বকেয়া কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১/২৩ এপ্রিল ২০২৪

নং **৪৩.০০.০০০০.১১৪.১৬.১৫১.২৩(অংশ)-১৯২**—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসীলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো:

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একর) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | শের-ই-বাংলা এ. কে ফজলুল হকের বিশ্রামাগার<br>গ্রাম: চাখার<br>ইউনিয়ন: চাখার<br>উপজেলা: বানারীপাড়া<br>জেলা: বরিশাল | চাখার-৫৮ | ৩১৯ | ১২৪৬ | ০.০৬৫৯ | পূর্বে-শের-ই-বাংলা স্মৃতি জাদুঘর<br>পশ্চিমে-চাখার ফজলুল হক ইনস্টিটিউশন<br>উত্তরে-শের-ই-বাংলা স্মৃতি জাদুঘর<br>দক্ষিণে-রাস্তা | রেকর্ডীয় মালিক মৌলভী এ, কে ফজলুল হক, পিং-মৌলবী মহাম্মদ ওয়াজেদ আলী। উক্ত জমি নামজারি কেস নং-২২ (১ম/৯৪-৯৫ মূলে মালিক-এ. কে ফায়জুল হক, পিতা-মরহুম মৌলবী এ. কে ফজলুল হক সাং-নিজ এর নামে রেকর্ড অংকিত। | হ্যাঁ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৮ এপ্রিল ২০২৪ খ্রি.

নং **৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৪.১৪-৪০**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে (১) 'Coats Bangladesh Ltd' ফৌজদারহাট উন্ডাস্ট্রিয়াল এস্টেট, সাগরিকা রোড, চট্টগ্রাম এবং (২) 'Coats Bangladesh Ltd' ইউনিট-২, হোল্ডিং নং ৪৬৮, বাংলাবাজার রোড, রাজেন্দ্রপুর, গাজীপুর এ পরিচালিত কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০. ১০১.১০২.১০৩.১০৫ এবং ১১৪ (১) এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ১২ মার্চ ২০২৩ হইতে ১১ সেপ্টেম্বর খ্রি. তারিখ পর্যন্ত পরবর্তী ০৬( ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল:

**শর্তাবলি:**

১। অতিরিক্ত কাজের জন্য বিধি মোতাবেক স্বাভাবিক মজুরীর দ্বিগুন হারে মজুরী প্রদান করিতে হইবে;

২। কোন শ্রমিককে তাহার সম্মতি ব্যতীত কোনো কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার বেশি সময় কাজ করানো যাইবে না;

৩। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৪ এর শর্তের আলোকে সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৫। প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক প্রতিষ্ঠানসমূহে অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল স্থাপন করিতে হইবে;

৬। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে;

৮। করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সরকারি সিদ্ধান্ত/নির্দেশাবলি পরিপালন করিতে হইবে।

তারিখ: ০৯ এপ্রিল ২০২৪ খ্রি.

নং **৪০.০০.০০০০.০১৬.৩৬.০০৪.১১-৪১**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন)-এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, যশোর, কুষ্টিয়া, জামালপুর, ফরিদপুর, দিনাজপুর, পাবনা, নওগাঁ এবং রাজশাহী জেলায় অবস্থিতি প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০.১০১.১০২.১০৩.১০৫ এবং ১১৪ (১) এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নভেম্বর, ২০২৩ হইতে এপ্রিল, ২০২৪ খ্রি. পর্যন্ত পরবর্তী ০৬( ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল:

**শর্তাবলি:**

১। কোন শ্রমিক দ্বারা সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার বেশি কাজ করানো যাইবে না।

২। অতিরিক্ত কাজের জন্য বিধি মোতাবেক স্বাভাবিক মজুরীর দ্বিগুন হারে মজুরী প্রদান করিতে হইবে;

৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

৬। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে;

৭। করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সরকারি সিদ্ধান্ত/নির্দেশাবলি পরিপালন করিতে হইবে।

নং **৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৪.১৪-৪২**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে 'Unilever Bangladesh Ltd. এর চট্টগ্রামস্থ ৫১, কালুরঘাট, ভারী শিল্প এলাকায় অবস্থিত কারখানাকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০.১০১. ১০২.১০৩.১০৫ এবং ১১৪ (১) এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২৩ সেপ্টেম্বর ২০২৩ হইতে ২২ মার্চ, ২০২৪ খ্রি. পর্যন্ত ০৬( ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল:

**শর্তাবলি:**

১। অতিরিক্ত কাজের জন্য বিধি মোতাবেক স্বাভাবিক মজুরীর দ্বিগুন হারে মজুরী প্রদান করিতে হইবে;

২। কোনো শ্রমিককে তাহার সম্মতি ব্যতীত কোনো কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার বেশি সময় কাজ করানো যাইবে না;

৩। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

৬। প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক প্রতিষ্ঠানসমূহে অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল স্থাপন করিতে হইবে;

৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে;

৮। করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সরকারি সিদ্ধান্ত/নির্দেশাবলি পরিপালন করিতে হইবে।

নং **৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৮.১২-৪৩**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে 'Nestle Bangladesh Limited' এর কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন,২০০৬ এর ধারা ১০৩.১০৫.১১৪ (১) এবং ২৭৭ এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০৭ আগস্ট, ২০২৩ হইতে ০৬ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল:

**শর্তাবলি:**

১। অতিরিক্ত কাজের জন্য বিধি মোতাবেক স্বাভাবিক মজুরীর দ্বিগুন হারে মজুরী প্রদান করিতে হইবে;

২। কোন শ্রমিককে তাহার সম্মতি ব্যতীত কোনো কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার বেশি সময় কাজ করানো যাইবে না;

৩। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৪ এর শর্তের আলোকে সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

৬। প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক প্রতিষ্ঠানসমূহে অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল স্থাপন করিতে হইবে;

৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে;

৮। করোনা ভাইরাস ( কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সরকারি সিদ্ধান্ত/নির্দেশাবলি পরিপালন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতান**
উপসচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**বাণিজ্য সংগঠন-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ চৈত্র ১৪৩০/ ০৩ এপ্রিল ২০২৪

নং **২৬.০০.০০০০.১৫৭.৩৩.০২৩.৯৭.১১৭**—বাণিজ্য মন্ত্রণালয়ের ০৯-১০-২০২৩ তারিখের২৬.০০.০০০০.১৫৭.৩৩. ০২৩.৯৭.৫৭৪ নম্বর স্বারকমূলে ০১-১২-১৯৯৮ বাংলাদেশ লিজিং এন্ড ফাইন্যান্স কোম্পানীজ এসোসিয়েশন নামে ইস্যুকৃত ২৭/৯৮ নম্বর লাইসেন্স বাতিল করা হয়। উক্ত লাইসেন্স সরকারের অনুমোদনক্রমে বহাল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. জিন্নাত রেহানা**
মহাপরিচালক।

---

**(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ চৈত্র ১৪৩০/ ০৩ এপ্রিল ২০২৪

নং **২৬.০০.০০০০.১৫৭.৩৩.০০৫.১২.১১৮**—বাণিজ্য মন্ত্রণালয়ের ১৮-০৪-২০২৩ তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০০৫.১২.১৮৭ নম্বর স্মারক মূলে ৩০-০৪-২০১৩ তারিখের বাংলাদেশ রেডিমিক্স কনক্রিট 'এসোসিয়েশন' নামে ইস্যুকৃত ১৪/২০১৩ নম্বর লাইসেন্স বাতিল করা হয়। উক্ত লাইসেন্স সরকারের অনুমোদনক্রমে বহাল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. জিন্নাত রেহানা**
মহাপরিচালক।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ চৈত্র ১৪৩০/ ০৩ এপ্রিল ২০২৪

নং **২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৫১.১১.১১৯**—বাণিজ্য মন্ত্রণালয়ের ১৭-০৪-২০২৩ তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৫১. ১১.১৮৪ নম্বর স্মারক মূলে বাংলাদেশ ফোম ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (লাইসেন্স বাতিলকৃত)-এর নামে ০১-০৮-২০১৭ তারিখে ইস্যুকৃত ১৪/২০১৭ নম্বর লাইসেন্স বাতিল করা হয়। উক্ত লাইসেন্স সরকারের অনুমোদনক্রমে বহাল করা হলো।

নং **২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৫৫.১১.১২০**—বাণিজ্য মন্ত্রণালয়ের ১৮-০৪-২০২৩ তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৫৫. ১১.১৮৯ নম্বর স্মারক মূলে ২০-০৫-২০১২ তারিখে বাংলাদেশ পণ্য পরিবহন এজেন্সী মালিক সমিতি (লাইসেন্স বাতিলকৃত) নামে ইস্যুকৃত ৩১/২০১২ নম্বর লাইসেন্স বাতিল করা হয়। উক্ত লাইসেন্স সরকারের অনুমোদনক্রমে বহাল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. জিন্নাত রেহানা**
মহাপরিচালক।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**জামস শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ:২৩ এপ্রিল ২০২৪ খ্রিঃ

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৯৯.১৮.১১২**—জাতীয় মাহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, চট্টগ্রাম এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, চট্টগ্রাম জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলে:

| ক্রঃনং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেনী | নাম, পিতা/স্বামী নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০ (১)(ঙ) | সমাজসেবী | জনাব বিলকিস আখতার চৌধুরী, পিতা: সৈয়দুল আলম চৌধুরী, সহ-সভাপতি, চট্টগ্রাম মহানগর মহিলা আওয়ামী লীগ; | চেয়ারম্যান |
| ০২ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব সৈয়দা আমেনা সিদ্দীকা, পিতাঃ সৈয়দ মাহমুদুল হক, সদস্য, মহানগর মহিলা আওয়ামী লীগ; | সদস্য |
| ০৩ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব ববিতা বড়ুয়া, পিতা: সুধীর রনজন বড়ুয়া, সাংগঠনিক সম্পাদক, চট্টগ্রাম দক্ষিণ জেলা মহিলা আওয়ামী লীগ; | সদস্য |
| ০৪ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব নাজিয়া বিনতে আবেদীন, পিতা: জয়নাল আবেদীন, যুগ্ম-সাধারণ সম্পাদক, ১৮ নং ওয়ার্ড বাকলিয়া মহিলা আওয়ামী লীগ; | সদস্য |
| ০৫ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব রৌশন আক্তার, পিতা: এ.টি.এম, আব্দুল মান্নান, সদস্য চট্টগ্রাম দক্ষিণ জেলা মহিলা আওয়ামী লীগ; | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব বিলকিস আখতার চৌধুরী, পিতা: সৈয়দুল আলম চৌধুরী উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৪-০৪-২০২৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শনো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১/০৭ মে ২০২৪

**নং -১৭.০০.০০০০. ০৮৩.২৭.০৩৫.২৩.৫৪**—যেহেতু, জনাব ফারহানা বিলকিস (১০৯১৬০২০), সহকারী সচিব (সাময়িক বরখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রাক্তন: থানা নির্বাচন অফিসার, ধানমন্ডি, ঢাকা) এর বিরুদ্ধে নিয়ম বহির্ভূতভাবে একটি জাতীয় পরিচয় পত্র সংশোধনের অভিযোগ দায়ের করা হয়;

যেহেতু, তিনি আবেদন যথা নিয়মে যাচাই না করেই তার ইউজার আইডি (farhana-bilkis) হতে জাতীয় পরিচয় পত্র সংশোধনের আবেদন অনুমোদন করতঃ দায়িত্বে অবহেলার পরিচয় দিয়েছেন;

যেহেতু, তার এরূপ কার্য শৃঙ্খলার পরিপন্থি হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী "অসদাচরণ"এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং -১১/২০২৩ রুজু করা হয়;

যেহেতু, বিভাগীয় কার্যধারায় তাকে কারণ দর্শানো হলে তিনি লিখিত জবাব প্রদান করেন এবং ১৯-১১-২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব ও ব্যক্তিগত শুনানিতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজনীয়তা থাকায় তদন্ত বোর্ড নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত বোর্ডের নিকট তার কোনো অসৎ উদ্দেশ্য পরিলক্ষিত হয়নি এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব ফারহানা বিলকিস (১০৯১৬০২০), সহকারী সচিব (সাময়িক বরখাস্তকৃত) , নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রাক্তন; থানা নির্বাচন অফিসার, ধানমন্ডি, ঢাকা) এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথি পর্যালোচনা ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ক) অনুযায়ী বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানসহ সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক বিভাগীয় মামলা নং-১১/২০২৩ নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

**জনবল ব্যবস্থাপনা শাখা-৩ প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/০৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**নং ১৭.০০.০০০০.০৮৪.৫৬.২৯৩.২৩.১৩১**—জনাব ফারুক হোসেন, সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, পরশুরাম, ফেনী- কে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২(২) এবং ৩০০ (বি) অনুযায়ী তাঁর পূর্ব পদের চাকরিকালকে (অর্থাৎ ১০-০৩-২০২০ খ্রিঃ তারিখ হতে ২৫-১২-২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত) বর্তমান চাকরির সাথে মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনার লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকুরির ধারাবাহিকতা রক্ষা ও সংক্ষণের আদেশ নির্দেশক্রমে প্রদান করা হলো:

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশন গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইকবাল হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/ ৩০ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ।

**নং ২২/২০২৪/কাস্টমস/১৮৪**—The Customs Act, 1969, (Act-IVof1969) এর Sectio-11 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে রাজশাহী জেলার গোদাগাড়ি উপজেলার ০৬নং মাটিকাটা ইউনিয়নের প্রাণ-আর.এফএল. গ্রুপ কর্তৃক প্রতিষ্ঠিত "বরেন্দ্র ইন্ডাষ্ট্রিয়াল পার্ক "এর নিম্নবর্ণিত তফসিলভূক্ত এলাকাকে এতদ্বারা ওয়্যারহাউজিং ষ্টেশন হিসেবে ঘোষণা করছে, যথা;

| বিবরণ | মৌজার নাম | দাগ নং | আর. এস. খতিয়ান নং | জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| রাজশাহী জেলার গোদাগাড়ি উপজেলার ০৬ নং মাটিকাটা ইউনিয়ন ভুক্ত এলাকা | আমানতপুর-২৬৯ | ৬৩ | ৯/১ | ২৫ শতাংশ |
| | হিজলগাছি-২৪৩ | ৪০ | ১০৩ | ৯৫.৫ শতাংশ |
| | মঠবাড়ী-২৭০ | ১ | ১০ | ১৫২.২ শতাংশ |
| | মঠবাড়ী-২৭০ | ২ | ১০ | ৪ শতাংশ |
| | মঠবাড়ী-২৭০ | ৪ | ৩ | ৪৩ শতাংশ |
| | মঠবাড়ী-২৭০ | ৫ | ১০ | ৬৫.৫ শতাংশ |
| | মঠবাড়ী-২৭০ | ৮ | ৩৬ | ১০৯ শতাংশ |
| | মঠবাড়ী-২৭০ | ৭ | ২৪ | ২৭.৪ শতাংশ |
| | শদুবাজু-২৪২ | ১ | ৫২ | ১০ শতাংশ |
| | শদুবাজু-২৪২ | ৩ | ৫১ | ১১৩.৯ শতাংশ |
| | শদুবাজু-২৪২ | ৮ | ২৯ | ১৯.৬ শতাংশ |
| | | | সর্বমোট | ৬৬৫ শতাংশ |

**চৌহদ্দি:**

(ক) পূর্বে: কৃষি জমি ও অনতি দূরে গোপালপুর বাজার

(খ) পশ্চিমে: কাদিরপুর এলাকা

(গ) উত্তরে: রাজশাহী-চাঁপাই মহাসড়ক

(ঘ) দক্ষিণে: কৃষি জমি (পিরিজপুর এলাকা)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এইচ এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১/২৮ এপ্রিল ২০২৪

**নং ৫৩.০০.০০০০.৪২১.১১.০০১.১৮.৪০**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম কে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা-৫(৬) মোতাবেক আগামী ১৭ মে ২০২৪ হতে অথবা যোগদানের তারিখ হতে পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান পদে পুন:নিয়োগ প্রদান করা হলো। তাঁর বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি সরকারের সাথে সম্পাদিত চুক্তি দ্বারা নির্ধারিত হবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহিদ হোসেন**
যুগ্মসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১/২৮ এপ্রিল ২০২৪

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭২.২৪.৭২**—The State Acquisition and Tenancy Act. 1950 (Act. XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules. 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্ত ভাবে প্রকাশ করা হলো:

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজপাট | ৩৪ | ১৪৩৯ | ০৩ | মোল্লাহাট | বাগেরহাট |
| ২ | কুলিয়া | ৩৮ | ২১১৭ | ০৩ | মোল্লাহাট | বাগেরহাট |
| ৩ | কাচনা | ১৩ | ২২৪৫ | ০৩ | মোল্লাহাট | বাগেরহাট |
| ৪ | ভান্ডার খোলা | ৫৬ | ২৭০৬ | ০৩ | মোল্লাহাট | বাগেরহাট |
| ৫ | ছোট কাঠালী | ৮৫ | ১২০৮ | ০৩ | রামপাল | বাগেরহাট |
| ৬ | গিলাতলা | ৮৮ | ১৬০২ | ০৩ | রামপাল | বাগেরহাট |
| ৭ | বেতিবুনিয়া | ১০৯ | ৩৯২ | ০২ | রামপাল | বাগেরহাট |
| ৮ | উলা | ১৩০ | ১২২৮ | ০২ | ডুমুরিয়া | খুলনা |
| ৯ | কলাপোতা | ৯৯ | ৭১৫ | ০২ | তালা | সাতক্ষীরা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আনসার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ বৈশাখ, ১৪৩১/৮ মে, ২০২৪

**নং ৪৪.০০.০০০০.১১৪.০২.০০২.২০-৩৩**—প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের এএটি মামলা নং ১০৮/২০১৯ এর রায়, আনসার ও ভিডিপি অধিদপ্তরের প্রস্তাব এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০১ নভেম্বর ২০২৩ তারিখের ৮০.১০৬.০৩২.০১.০০. ০০১.২০১৫.২৮৭ নম্বর স্মারক মূলে সুপারিশ অনুসারে আনসার ও ভিডিপি অধিদপ্তরের নিম্নবর্ণিত ০১(এক) জন সহকারী অ্যাডজুট্যান্ট-কে ০৫.০৬.২০০০ তারিখ হতে ২য় শ্রেণির গেজেটেড পদে (১০ম গ্রেড) উন্নীত করা হলো।

| ক্র/নং | জ্যেষ্ঠতার ক্রমিক নং | নাম | বর্তমান পদের নাম | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম |
|---|---|---|---|---|
| ১ | ৪৭০ | জনাব আবুল হাসানাত মোঃ লতিফুল আলম | সহকারী অ্যাডজুট্যান্ট | সহকারী অ্যাডজুট্যান্ট/ থানা আনসার ও ভিডিপি অফিসার/ সমমান |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩১/০৬ মে ২০২৪

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩৩.১৮-৬৯৮**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সিগঞ্জ-এর প্রস্তাবের প্রেক্ষিতে মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর থানার মামলা নং-৩৭, তারিখ-২১/০৯/২০২২ খ্রিঃ মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধরার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩৩.১৮-৬৯৯**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, পঞ্চগড়-এর প্রস্তাবের প্রেক্ষিতে পঞ্চগড় জেলার দেবীগঞ্জ থানার মামলা নং-০৭, তারিখ-১৬/০৩/২০২২ খ্রিঃ মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩৩.১৮-৭০০**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা-এর প্রস্তাবের প্রেক্ষিতে সাতক্ষীরা জেলার কলারোয়া থানার মামলা নং-০৩, তারিখ-০৩/০৬/২০২৩ খ্রিঃ মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের ভূতাপেক্ষ অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশাফুর রহমান**
উপসচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০/ ০৮ অক্টোবর ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-১৩৪৭**—নীলফামারী জেলার জলঢাকা থানার মামলা নং- ০৯, তারিখ- ১০/০৬/২০২২ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশাফুর রহমান**
উপসচিব।

---

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## পর্যটন-১ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩১/ ০৬ মে ২০২৪

**নং ৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০-৩৬৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএস এল) এর পরিচালনা পর্ষদের শূন্য পদে পরিচালক হিসেবে জনাব মোঃ শাহরিয়ার কাদের ছিদ্দিকী, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ- কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর পরিচালক পর্ষদের পরিচালক হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সাইফুল ইসলাম মন্ডল**
উপসচিব।

---

## অর্থ মন্ত্রণালয়
## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## কেন্দ্রীয় ব্যাংক শাখা

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১২ চৈত্র ১৪৩০/২৬ মার্চ ২০২৪

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩১.১৭.৬৫**—অগ্রণী ব্যাংক পিএলসি-এর সাবসিডিয়ারী কোম্পানি অগ্রণী ইকুইটি এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড-এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ জেহাদ উদ্দিন, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর স্থলে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক মিজ শাহিদা সুলতানা-কে উক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে পরিচালক পদে তাঁর যোগদানের তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩১.১৭.৬৪**—বাংলাদেশ ডেভেলেপমেন্ট ব্যাংক লিমিটেড-এর সাবসিডিয়ারী কোম্পানি বিডিবিএল সিকিউরিটিজ লিমিটেড-এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ গোলাম মোস্তফা, যুগ্মসচিব, সম্প্রতি অন্যত্র বদলি হওয়ায় তাঁর স্থলে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব মিজ দিলারা বেগম-কে উক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে পরিচালক পদে তাঁর যোগদানের তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## যুব-০১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/২৪ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩৪.০০.০০০০.০৫১.৬৫.০০১.২৪-১১**—যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ৫ (১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | মাননীয় মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | চেয়ারম্যান |
| (২) | সিনিয়র সচিব/সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | সচিব |
| (৩) | সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৪) | সিনিয়র সচিব/সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৫) | সিনিয়র সচিব/সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৬) | সিনিয়র সচিব/সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৭) | সিনিয়র সচিব/সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৮) | মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৯) | জনাব মেজবাহ উদ্দিন (সাবেক সচিব), উপদেষ্টা, সাবেরা ফাউন্ডেশন, ঢাকা। | : | সরকার মনোনীত সদস্য |
| (১০) | জনাব করভি রাকসান্দ দ্রুব, নির্বাহী পরিচালক, জাগো ফাউন্ডেশন, ঢাকা। | : | সরকার মনোনীত সদস্য |
| (১১) | জনাব নার্গিস সুলতানা, সভাপতি, শতদল মহিলা উন্নয়ন সমিতি, মুন্সীগঞ্জ। | : | সরকার মনোনীত সদস্য |
| (১২) | জনাব এ কে এম নেয়ামত উল্লাহ বাবু, সভাপতি, ভ্রাতৃসংঘ, ঢাকা। | : | সরকার মনোনীত সদস্য |

২। উক্ত আইনের ৫ (২) ধারা অনুযায়ী সরকার কর্তৃক মনোনীত সদস্যদের (ক্রমিক ০৯ হতে ১২) মেয়াদ পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বহাল থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রবিউল ইসলাম**
উপসচিব।

**[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৭**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/৩১ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪৩.০০.০০০০.১১৬.০৬.০০৭.৯৪(অংশ-১).১০৩**—বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ গঠন সংক্রান্ত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর ৪৩.০০.০০০০.১১৬.০৬.০০৭.৯৪ (অংশ-১).১৯০, তারিখ: ২৩ মে ২০২২ আংশিক সংশোধনপূর্বক বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন ১৯৮৯ এর ৫(১) উপধারা অনুসারে সরকার নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ পুনর্গঠন করল:

**সভাপতি**

১. মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. জনাব আসাদুজ্জামান নূর, মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-২

৩. মোছাঃ জান্নাত আরা হেনরী, মাননীয় সংসদ সদস্য, সিরাজগঞ্জ-২

৪. জনাব মোঃ নাঈমুজ্জামান ভূইয়াঁ, মাননীয় সংসদ সদস্য, পঞ্চগড়-১

৫. সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)

**সহ-সভাপতি**

৬. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

৭. সচিব, অর্থ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)

৮. সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)

৯. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

১০. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা

১১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা

১২. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা

১৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা

১৪. ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

১৫. অধ্যক্ষ, সরকারি সঙ্গীত মহাবিদ্যালয়, আগারগাঁও, ঢাকা

১৬. যুগ্মসচিব/উপসচিব (অধিশাখা-৭), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

১৭. জনাব মোঃ মনজুরুল আহসান বুলবুল, বিশিষ্ট সাংবাদিক

১৮. জনাব খায়রুল আনাম শাকিল, সঙ্গীত ব্যক্তিত্ব, সহসভাপতি, ছায়ানট, ঢাকা

১৯. বেগম মিনু হক, সভাপতি, নৃত্যশিল্পী সংস্থা, ঢাকা

২০. জনাব রামেন্দু মজুমদার, বিশিষ্ট ব্যক্তিত্ব এবং সম্মানিত সভাপতি, ইন্টারন্যাশনাল থিয়েটার ইন্সটিটিউট

২১. জনাব কামাল বায়েজীদ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা বিভাগ

২২. জনাব আহমেদ ইকবাল হায়দার, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, চট্টগ্রাম বিভাগ

২৩. অধ্যাপক মলয় ভৌমিক, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, রাজশাহী বিভাগ

২৪. প্রফেসর শরীফ আতিকুজ্জামান, অধ্যক্ষ, সরকারি ব্রজলাল কলেজ, খুলনা বিভাগ

২৫. সৈয়দ দুলাল, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বরিশাল বিভাগ

২৬. জনাব আকরামুল ইসলাম, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সিলেট বিভাগ

২৭. জনাব বিপ্লব প্রসাদ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, রংপুর বিভাগ

২৮. জনাব মো: সারওয়ার জাহান, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ময়মনসিংহ বিভাগ

**সদস্য সচিব**

২৯. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা

২। বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন, ১৯৮৯ এর ৫(২) উপধারা অনুসারে পরিষদের মনোনীত সদস্যগণ ২৩ মে ২০২২ তারিখ থেকে ০৩(তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, একজন মনোনীত সদস্য যে কোন সময় সভাপতিকে উদ্দেশ্য করে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন।

৩। গঠিত পরিষদ পুনর্গঠন/বাতিলের ক্ষমতা সরকার বিধি মোতাবেক সংরক্ষণ করে।

৪। বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন, ১৯৮৯ এর ১২(১) উপধারা অনুসারে পরিষদ প্রতি ০৩(তিন) মাসে একবার সভায় মিলিত হবে এবং সভার তারিখ, সময় ও স্থান সভাপতি কর্তৃক নির্ধারণ করা হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাজীব কুমার সরকার**
উপসচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০/০২ এপ্রিল ২০২৪

**নং ৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০-৩৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের প্রাক্তন চেয়ারম্যান জনাব মোঃ রাহাত আনোয়ার এর স্থলে বর্তমান চেয়ারম্যান জনাব একেএম আফতাব হোসেন প্রামানিক-কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম মন্ডল**
উপসচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/২৮ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং সবিম/শাঃ৩/লোকাশি-২৭/০৯/৩৬**—বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন-১৯৯৮ এর ৬ ধারায় অর্পিত ক্ষমতাবলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত সরকার নিম্নরূপভাবে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড পুনর্গঠন করল:

**চেয়ারম্যান**

১। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী

**সদস্যবৃন্দ**

২। বেগম সাগুফতা ইয়াসমিন, ১৭২ মুন্সিগঞ্জ-২, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ

৩। জনাব আবদুল্লাহ-আল-কায়সার, ২০৬ নারায়ণগঞ্জ-৩, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ

৪। জনাব অনিমা মুক্তি গমেজ, সংরক্ষিত মহিলা আসন, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ

৫। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৬। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর

৭। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা

৮। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন

৯। মহাপরিচালক, বাংলা একাডেমি

১০। ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়

১১। অর্থ বিভাগের প্রতিনিধি (অন্যূন যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা)

১২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ

১৩। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উপসচিব

১৪। জনাব মোহাম্মদ আবুল হাশেম খান, বিশিষ্ট চিত্রশিল্পী এবং লোক ও কারুশিল্প অনুরাগী

১৫। জনাব চন্দ্র শেখর সাহা, বিশিষ্ট লোক ও কারুশিল্প অনুরাগী এবং গবেষক

১৬। জনাব মঞ্জুরুল আহসান বুলবুল, বিএফইউজে এর সভাপতি এবং লোক ও কারুশিল্প অনুরাগী

**সদস্য সচিব**

১৭। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ

২। উক্ত পরিচালনা বোর্ড বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন-১৯৯৮ (১৯৯৮ সনের ৮নং আইন)'র ৫-৮ ধারায় প্রতিফলিত কার্যাবলীর আলোকে কার্য সম্পাদন করবেন।

৩। এ মন্ত্রণালয়ের ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের সবিম/শাঃ৩/লোকাশি-২৭/০৯/১৬৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড এতদ্দ্বারা বাতিল করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মজিবুর রহমান**
সহকারী সচিব।

**বাংলাদেশ পরিকল্পনা কমিশন**
**সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০/০২ এপ্রিল ২০২৪

**নং ২০.০১.০০০০.০২০.০৬.০০২.২৩-৭৩**—রূপকল্প ২০৪১ ও তৎসংশ্লিষ্ট বাংলাদেশের দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নের হাতিয়ার হিসেবে নবম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২৬-২০৩১) প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ-কে প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা প্রদানের জন্য নিম্নলিখিত একটি উচ্চ পর্যায়ের **"জাতীয় স্টিয়ারিং কমিটি (National Steering Committee)"** গঠন করা হলো:

**কমিটির গঠন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

**সভাপতি**

১. মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩. মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

৪. মাননীয় সভাপতি, পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি

৫. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৬. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৭. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়

৮. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

৯. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়

১০. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

১১. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়

১২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

১৪. সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ

১৫. সিনিয়র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়

১৬. সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়

১৭. সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

১৮. সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৯. সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ

২০. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

২১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

২২. সচিব, সেতু বিভাগ

২৩. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

২৪. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

২৫. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

২৬. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৭. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

২৮. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২৯. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৩০. সচিব, রেলপথ মন্ত্রণালয়

৩১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৩২. সচিব, দুর্যোগ ব্যবস্থাপণা ও ত্রাণ মন্ত্রণালয়

৩৩. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৩৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ

৩৫. সচিব, খাদ্য মন্ত্রণালয়

৩৬. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

৩৭ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৩৮. সচিব, সুরক্ষা সেবা বিভাগ

৩৯. সদস্য (সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন

৪০. সচিব, আইন ও বিচার ভিাগ

৪১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৪২. সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন

৪৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪৪. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

৪৫. সচিব, কৃষি মন্ত্রণালয়

৪৬. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৪৭. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৪৮. সচিব, অর্থ বিভাগ

৪৯. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

৫০. সচিব, ভূমি মন্ত্রণালয়

৫১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫২. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৫৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৫৪. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫৫. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৫৬. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়

৫৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৫৮. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৫৯. সদস্য (সচিব), আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন

৬০. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

৬১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৬২. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

৬৩. সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন

৬৪. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

৬৫. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন

২। **কমিটির কার্য-পরিধি**

(ক) নবম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় সার্বিকভাবে সহযোগিতা প্রদান, তদারকীকরণ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(খ) নবম পঞ্চবার্ষিক পরিকল্পনার ধারণাপত্র (Concept Paper) অনুমোদনের সুপারিশ করা;

(গ) নবম পঞ্চবার্ষিক পরিকল্পনার সামষ্টিক এবং খাতভিত্তিক উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা নির্ধারণে দিক নির্দেশনা প্রদান;

(ঘ) নবম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সম্পদ আহরণে দিক নির্দেশনা প্রদান;

(ঙ) নবম পঞ্চবার্ষিক পরিকল্পনার খসড়া পর্যালোচনা এবং অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদ-এর নিকট সুপারিশ প্রদান; এবং

(চ) জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।

৩। জাতীয় স্টিয়ারিং কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। জাতীয় স্টিয়ারিং কমিটি'র কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনার্থে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তানভীর বাশার**

সিনিয়র সহকারী প্রধান।

---

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**

**শিক্ষা মন্ত্রণালয়**

**কারিগরি শাখা-০৩**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১/১৫ এপ্রিল ২০২৪

**নং ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০১.২২.১৩১**—ডিপ্লোমা প্রকৌশলীদের মধ্যে যাঁরা ০২ (দুই) বছর বা অধিক সময়ে কোনও প্রতিষ্ঠানে কর্মরত আছেন বা কর্মের অভিজ্ঞতা আছে, তাঁদেরকে BSc (Pass) সমমান মর্যাদা দেয়ার বিষয়ে সরকার নিম্নবর্ণিত সম্মানিত সদস্যবৃন্দের সমন্বয়ে কমিটি গঠন করলেন:

**আহ্বায়ক**

১ অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

**সদস্যবৃন্দ**

২ যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-০২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩ যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-০১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৪ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা

৫ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর একজন মনোনীত উপযুক্ত প্রতিনিধি

৬ উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪, বাংলাদেশ-এর একজন মনোনীত উপযুক্ত কর্মকর্তা

৭ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা

৮ প্রেসিডেন্ট, ইন্সটিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি), রমনা, ঢাকা-১০০০

৯ প্রেসিডেন্ট, ইন্সটিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি), কাকরাইল, ঢাকা-১০০০

**সদস্য-সচিব**

১০ উপসচিব (কারিগরি শাখা-০৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

**কমিটির কার্যপরিধি-**

(ক) কমিটি জরুরিভিত্তিতে সভা করে ডিপ্লোমা প্রকৌশলীদের মধ্যে যাঁরা ০২ (দুই) বছর বা এর বেশি সময়ে কোনোও প্রতিষ্ঠানে কর্মরত আছেন বা কর্মের অভিজ্ঞতা আছে , তাঁদেরকে BSc (Pass) সমমান মর্যাদা দেয়ার বিষয়ে প্রয়োজনীয় মতামত ও সুপারিশ প্রণয়নপূর্বক সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-বরাবর দাখিল করবে; এবং

(খ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক উপযুক্ত সদস্য কো-অপ্ট করতে পারবে।

জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে

**আনিসুল ইসলাম**

উপসচিব।

**রেলপথ মন্ত্রণালয়**

**প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/০৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**নং ৫৪.০০.০০০০.০৪০.১৯.০১৯.২২.৪৭**–বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক পদে নিয়মিত নিয়োগ না হওয়া পর্যন্ত মহাপরিচালকের কার্যালয়ে নিষ্পত্তিযোগ্য আর্থিক বিষয়াদি সচিব, রেলপথ মন্ত্রণালয় নিষ্পত্তি করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**উজ্জ্বল কুমার ঘোষ**

উপসচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**অধিশাখা/শাখা-১৮**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১ /১৫ এপ্রিল ২০২৪

**নং ৩৯.০০.০০০০.০১৮.০৬.০০৬.১৭/৫০**—বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট আইন, ২০১৫ এর ৬ (১)-এর (ণ) নং সদস্য, প্রফেসর ড. রাশেদ-উন-নবী, ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং (ত) নং সদস্য, রিয়ার অ্যাডমিরাল (অবসরপ্রাপ্ত) মোঃ খুরশেদ আলম, সচিব (এমএইউ), পররাষ্ট্র মন্ত্রণালয়-কে পুনরায় বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট-এর পরিচালনা বোর্ডের সদস্য হিসেবে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য ০৪-১১-২০২৩ হতে ০৩-১১-২০২৬ তারিখ পর্যন্ত পুনরায় মনোনয়ন প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**নৌপরিবহন মন্ত্রণালয়**
**নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ চৈত্র ১৪৩০/৪ এপ্রিল ২০২৪

**নং ১৮.০০.০০০০.০১৭.১৮.০১১.২১-৩০৩**—নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা, বরিশাল, সিলেট এবং রংপুরের প্রশাসনিক এবং আর্থিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভাগীয় প্রধানের আর্থিক ক্ষমতা (Sub Delegation of Financial Power) প্রয়োগের নিমিত্ত উক্ত ৪টি মেরিন একাডেমির কমান্ড্যান্ট পদকে নির্দেশক্রমে বিভাগীয় প্রধান ঘোষণা প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ শুকরিয়া পারভীন**
উপসচিব।